### জলপাইগুড়ি মেডিকেল কলেজে চিকিৎসাধীন সারিন্দার জাদুকর

# অনটনেই দিন কাটে মঙ্গলাকান্তের

**অভিরূপ দে ও অনসূয়া চৌধুরী**





*প্রবাদপ্রতিম সারিন্দাশিল্পী মঙ্গলাকান্ত রায়। (ডানে) ময়নাগুড়ির ধওলাগুড়ি গ্রামে শিল্পীর জরাজীর্ণ বসতবাড়ি।*

**ময়নাগুড়ি ও জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** কেন্দ্রীয় সরকার দিয়েছে পদ্মশ্রী, রাজ্য সরকার দিয়েছে বঙ্গরত্ন। অথচ প্রশাসনের দরজায় দিনের পর দিন ঘুরেও সরকারি ঘর পাননি প্রবাদপ্রতিম শিল্পী মঙ্গলাকান্ত রায়। একসময় নিজে বার্ধক্যভাতা পেলেও বেশ কয়েক বছর ধরে তা বন্ধ হয়ে গিয়েছে। স্ত্রীর বার্ধক্যভাতাও জোটেনি এখনও। ফলে চরম অনটনে দিন কাটে সারিন্দাশিল্পীর।

সোমবার গুরুতর অসুস্থ অবস্থায় জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে মঙ্গলাকান্তকে। তাঁকে হাসপাতালে নিয়ে আসেন করিমুল হক। জলপাইগুড়ি মেডিকেলের এমএসভিপি ডাঃ কল্যাণ খান জানিয়েছেন, মঙ্গলাকান্ত রায়ের চিকিৎসার জন্য তিন বিশেষজ্ঞ চিকিৎসকের মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে। তিনি হাসপাতালের মেল মেডিকেল ওয়ার্ডে ভর্তি রয়েছেন। চিকিৎসকরা সবসময় নজর রাখছেন। তাঁর অবস্থা স্থিতিশীল হলেও শারীরিক দুর্বলতা রয়েছে।

বাড়ি থেকে হাসপাতাল নিয়ে যাওয়ার জন্য গাড়িভাড়া করার মতো আর্থিক সংগতি হয়নি শিল্পীর পরিবারের। পদ্মশ্রী ও বঙ্গরত্ন সম্মান পাওয়ার পর ধওলাগুড়ি গ্রামে শিল্পীর বাড়িতে গিয়ে কেন্দ্র ও রাজ্যের শাসকদলের নেতারা একাধিক প্রতিশ্রুতি শুনিয়ে এসেছিলেন। সেই সময় শিল্পী রাজনৈতিক দলের নেতা, জনপ্রতিনিধি ও প্রশাসনের কর্তাদের কাছে তাঁর বাড়ির সামনে গ্রামের রাস্তা পাকা ও নিজের ঘরের জন্য আবেদন জানিয়েছিলেন। গ্রামের রাস্তা পরবর্তীতে জেলা পরিষদের তরফে পেভার্স ব্লক দিয়ে তৈরি হয়েছে। পরিবারের অভিযোগ, পরবর্তীতে কেউ আর তাঁর খোঁজ রাখেননি। কোনও সরকারি ভাতা পাওয়া তো দূরের কথা, গ্রাম পঞ্চায়েতের কাছে একাধিকবার আবেদন করেও ঘর বা কোনও সাহায্য পাননি শতায়ু শিল্পী। এমনকি শিল্পীদের জন্য রাজ্য সরকারের যে ভাতার ব্যবস্থা রয়েছে, সেই ভাতা থেকেও তিনি বঞ্চিত। দরমার বেড়া ও টিন দিয়ে ঘেরা, কাঠের ভাঙা সিঁড়ি, এমনই জরাজীর্ণ একটা ঘরে দিন কাটে মঙ্গলাকান্তর। সামান্য বৃষ্টিতে জল চুঁইয়ে পড়ে। দমকা হাওয়া দিয়ে ভয় হয় কখন ঘর ভেঙে পড়বে।

গ্রামের প্রতিবেশীরাই জানালেন, অনুষ্ঠান না থাকলে গ্রামে গ্রামে ঘুরে সারিন্দা বাজিয়ে চাল-ডাল সংগ্রহের পাশাপাশি সামান্য কিছু আয় করতেন মঙ্গলাকান্ত। এখন বয়সের ভারে অনুষ্ঠান করার ক্ষমতা হারিয়েছেন। শেষ সম্বল বলতে ছিল বাড়ির পাশে বিঘা তিনেক জমিতে চাষাবাদ করে যৎসামান্য আয়। কিন্তু, মাস চারেক আগে নাতি কিশোর পথ দুর্ঘটনায় জখম হন। দীর্ঘদিন বেসরকারি হাসপাতালে মরণবাঁচন লড়াই চলে। চিকিৎসার খরচ জোগাতে শেষ সম্বল তিন বিঘা জমিও বন্ধক রাখতে হয়েছে।

মঙ্গলাকান্তবাবুর স্ত্রী চম্পা রায় বলেন, 'রাজ্য সরকারের থেকে বঙ্গরত্ন সম্মান জানানোর সময় এক লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এর বাইরে কেন্দ্র, রাজ্য কোনও সরকারের কাছ থেকেই কোনওরকম সহযোগিতা পাইনি।' শিল্পীর ছোট ছেলে দিলীপ রায় আক্ষেপের সুরে বলেন, 'কোনও নেতা বা জনপ্রতিনিধি এখন আর বাবার খোঁজ করেন না। চরম আর্থিক অনটনে দিন কাটছে গোটা পরিবারের।'

মঙ্গলাকান্ত সরকারি সাহায্য থেকে বঞ্চিত, এমন কথা প্রকাশ্যে আসতেই জনপ্রতিনিধি থেকে প্রশাসন সকলেই নড়েচড়ে বসেছেন। জলপাইগুড়ির জেলা শাসক সন্দীপ ঘোষ বলেন, 'মঙ্গলাকান্তবাবুর চিকিৎসা ব্যাপারটি সরকারের তরফে দেখা হচ্ছে। বাকি সামাজিক সুরক্ষার প্রকল্পের বিষয়গুলিও খোঁজ নিয়ে দেখা হচ্ছে।'

জলপাইগুড়ির সাংসদ জয়ন্ত রায় বলেন, 'গত বছর মঙ্গলাকান্তবাবুর পরিবারের লোকেদের সঙ্গে কথা বলে ভাতার আবেদনের জন্য কাগজপত্র জমা দেবার কথা বলেছিলাম। প্রয়োজনীয় নথি পেলে সরকারি সহযোগিতা পাওয়ার ব্যাপারে যোগাযোগ করা সম্ভব হত।'

ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদরঞ্জন রায় জানিয়েছেন, শিল্পীর সরকারি সহযোগিতা না পাওয়ার বিষয়টি তাঁর জানাই ছিল না। বিষয়টি খোঁজ নিয়ে দেখবেন।'



*বালি লাইনে রাস্তার পিচ তুলে প্রতিবাদ চা শ্রমিকদের। -সংবাদচিত্র*

### নিম্নমাণের কাজের অভিযোগ

# মন্ত্রীর এলাকায় রাস্তা নির্মাণে বাধা গ্রামবাসীর

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ২৮ এপ্রিল :** প্রথম দফার ভোট মিটতেই উন্নয়নমূলক কাজ শুরু মন্ত্রী বুলু চিকবড়াইকের পঞ্চায়েতে। যদিও রাস্তার কাজ শুরু হতেই নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ তুলে কাজ বন্ধ করতে বাধ্য করালেন স্থানীয়রা। শেষমেশ ঘটনাস্থলে গিয়ে তৃণমূল অঞ্চল সভাপতি সঠিকভাবে রাস্তা তৈরির আশ্বাস দেন।

সোমবার মাল ব্লকের রাঙ্গামাটি পঞ্চায়েতের গুরজংঝোরা চা বাগানে একটি রাস্তার কাজ শুরু হয়। বাগানের ফ্যাক্টরির পাশের মূল রাজ্য সড়ক থেকে ম্যানেজারের বাংলো হয়ে বালি লাইন পর্যন্ত দু'কিলোমিটার রাস্তার কাজের টেন্ডার হয়েছিল বিধানসভা নির্বাচন ঘোষণার আগেই। তবে নির্বাচিন বিধিনিষেধ জারি হতেই সেই কাজ শুরু করতে পারেনি পঞ্চায়েত। সোমবার প্রায় অর্ধেক রাস্তা তৈরি হয়েছে। তবে মঙ্গলবার সকালে সেই রাস্তায় চলাচলের সময় অসন্তোষ প্রকাশ করেন বাগানের বালি লাইনের চা শ্রমিকরা। তাঁদের অভিযোগ, অত্যন্ত নিম্নমানের সামগ্রী ব্যবহার করে রাস্তা তৈরি করছে পঞ্চায়েত। কোথাও পিচ এক ইঞ্চি ঢালাই হয়েছে, তো কোথাও সেটার এক-তৃতীয়াংশ ঢালাই হয়েছে। এদিন শ্রমিকরা সেখানে গিয়ে হাত দিয়ে টেনে পিচের আস্তরণ তুলে ফেলেন এবং প্রতিবাদ দেখান।

নিম্নমানের রাস্তার কাজের সব দায় তৃণমূল পরিচালিত পঞ্চায়েত ও প্রধানের বলে অভিযোগ চা শ্রমিক রিঙ্কু গোয়ালার। তাঁর কথায়, 'আমরা চাই শিডিউল মেনে যথাযথ পরিমাণে পিচ ঢালাই করে রাস্তা তৈরি হোক। কাজ বন্ধ করার পক্ষে নই আমরা। নিত্যদিন শ্রমিকরা ছাড়াও তাঁদের পরিবারের সদস্যরা, স্কুল পড়ুয়াদের যাতায়াত করতে হয়। সেহেতু এই রাস্তার গুরুত্ব বেশি।'

এদিন ঘণ্টা দুয়েক প্রতিবাদের পর ঘটনাস্থলে পৌঁছান রাঙ্গামাটি পঞ্চায়েতের ইঞ্জিনিয়ার দিবাকর লামা এবং তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি কাঞ্ছা রানা। যদিও ইঞ্জিনিয়ার নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ নস্যাৎ করেন। তাঁর বক্তব্য, 'একদিন হয়েছে পিচ ঢালাই করার। তারপর পর্যাপ্ত রোদ প্রয়োজন ছিল, যেটা পাওয়া যায়নি। রোদ পেলেই পিচ রাস্তার সঙ্গে আটকে যায়। তার আগেই পিচ টেনে তুলে ফেলা হয়েছে।' তবে তিনি স্বীকার করেন, তাঁর মনে হয়েছে রাস্তার অনেক জায়গায় পিচের আস্তরণ পাতলা। সেখানে নতুন করে পিচের প্রলেপ দেওয়ার আশ্বাস দেন।

> **আমরা চাই শিডিউল মেনে যথাযথ পরিমাণে পিচ ঢালাই করে রাস্তা তৈরি হোক। কাজ বন্ধ করার পক্ষে নই আমরা।**
>
> **রিঙ্কু গোয়ালা** স্থানীয় বাসিন্দা

স্থানীয় সূত্রে খবর, ১ কোটি ৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল এই রাস্তার জন্য। স্থানীয় শ্রমিক সুনীতা ওরাওঁয়ের অভিযোগ, একদিন না হতেই এক টানে রাস্তা উঠে আসছে। অনেক আবেদন-নিবেদন করে এই রাস্তার অনুমোদন দিয়েছে ব্লক প্রশাসন। তার পরেও সেটা দায়সারাভাবে তৈরি করছে পঞ্চায়েত। বিজেপির জেলা কমিটির সম্পাদক রাকেশ নন্দীর বক্তব্য, দুর্নীতিটাই তৃণমূলের আদর্শ নীতি। ওরা তো সেটাই করছে। রাজ্যের সর্বত্র এটাই চলছে। তাছাড়া কাটমানি কালচারের রমরমা চলছে রাজ্যে। সেজন্যই হয়তো ঠিকাদার টাকা বাঁচাতে নিম্নমানের সামগ্রী ব্যবহার করেছেন বলে সিপিএমের মাল এরিয়া কমিটির সম্পাদক রাজা দত্তর দাবি।

## দুইদিন সবেতন ছুটির দাবি

**নাগরাকাটা, ২৮ এপ্রিল :** বুদ্ধপূর্ণিমায় এবারও চা বাগানে ছুটি থাকছে। তবে তা যাতে সবেতন হয় এমন দাবিতে সরব হয়েছে শ্রমিক সংগঠনগুলি। আগের সরকারি নির্দেশিকা মোতাবেক ওই ছুটি সবেতনই থাকার কথা। তবে এবার গোল বেঁধেছে অন্য জায়গায়। বুদ্ধপূর্ণিমা পড়েছে ১ মে। সেদিনই আবার মে দিবস। ওই দিনটিও চা বাগানে সবেতন ছুটি। একই দিনে দুটি সবেতন ছুটি পড়ে যাওয়ায় শ্রমিকরা যাতে মে দিবসের পাশাপাশি বুদ্ধপূর্ণিমার ছুটিতেও মজুরি পান এমন দাবি এখন জোরালো হয়েছে। এদিকে মঙ্গলবার শ্রম দপ্তরের তরফে একটি নির্দেশিকা জারি করে বুদ্ধপূর্ণিমার দিন চা বাগানে ছুটি থাকছে একথা বলা হলেও অতিরিক্ত মজুরি প্রদানের কোনও উল্লেখ করা হয়নি। ফলে চা বণিকসভাগুলিও বিষয়টিকে নিয়ে আর কোনও উচ্চবাচ্য করছে না। এই ব্যাপারে কোনও কর্তা মন্তব্য করতেও নারাজ।

তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক রবীন রাই বলেন, 'সরকারি যে নির্দেশিকা জারি করা হয়েছে তা সংশোধন করে যাতে ১ মে'র দুটি ছুটিই সবেতন হিসেবে ধরা হয় এমন অনুরোধ জানিয়ে শ্রম দপ্তরকে চিঠি দেওয়া হয়েছে। সেক্ষেত্রে বুদ্ধপূর্ণিমার সবেতন ছুটিটি প্রয়োজনে ২ মে দেওয়া যেতে পারে বলে আমাদের প্রস্তাব।' বিজেপি প্রভাবিত চা শ্রমিক সংগঠন ভারতীয় টি ওয়ার্কার্স ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক রাজেশ বারলা বলছেন, 'ভোট ফুরিয়ে গিয়েছে। এখন তাই সরকারেরও শ্রমিকদের নিয়ে আর ভাবার অবকাশ নেই। আমাদের দাবি দুটি ছুটিই সবেতন দিতে হবে। মালিকদের সংগঠনগুলিকে একথা জানানো হয়েছে।'

এদিকে সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়েছে, ডুয়ার্সের কয়েকটি বাগান দুটি ছুটিই সবেতন দেবে বলে জানিয়েছে। এক্ষেত্রে প্রশ্ন উঠছে তাহলে সিংহভাগ বাগানের দিতে অসুবিধে কোথায়? দার্জিলিংয়ের শীর্ষ চা বণিকসভা ডিটিএ চলতি বছরের এপ্রিল মাসেই তাদের সদস্য বাগানগুলিকে একটি সার্কুলার জারি করে বুদ্ধপূর্ণিমার সবেতন ছুটি ২ মে দেওয়ার কথা জানিয়েছিল।

## চারাগাছ রোপণ

**মেটেলি, ২৮ এপ্রিল :** চারাগাছ রোপণ করে বিবাহবার্ষিকীর সুবর্ণ জয়ন্তী উদযাপন করলেন চালসার এক দম্পতি। এই উপলক্ষ্যে মঙ্গলবার চালসার একটি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের সঙ্গে সময় কাটান কপিল তাম্বা এবং জ্যোতি তাম্বা। তাঁরা শিশুদের মধ্যে চারাগাছ বিতরণ করেন। বিদ্যালয় চত্বরে কিছু চারাগাছ রোপণ করা হয়। এছাড়া শিশুদের জন্য বিশেষ মধ্যাহ্নভোজের আয়োজন ছিল।

## বর্ষা মোকাবিলায় প্রস্তুতি শুরু রেলের

জলপাইগুড়ি, ২৮ এপ্রিল : বর্ষা মোকাবিলায় আগাম প্রস্তুতি শুরু উত্তর-পূর্ব সীমান্ত রেলে। দুর্বল সেতু চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া থেকে ভূমিধস রোধে সংশ্লিষ্ট এলাকাগুলিতে বোল্ডার মজুত রাখা, হাতে একমাসের বেশি সময় থাকলেও বর্ষা মোকাবিলায় কাজ শুরু করে দিয়েছে রেল। উত্তরবঙ্গ সহ উত্তর-পূর্ব ভারতে ভারী বর্ষাতেও যাতে ট্রেন চলাচল স্বাভাবিক রাখা যায়, তার জন্যই এমন পদক্ষেপ। এবার আবহাওয়া দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে রেল।

উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জলকিশোর শর্মা বলেন, 'বর্ষার মরশুম শুরুর আগেই প্রতিটি ডিভিশনে প্রস্তুতি শুরু করা হয়েছে। কোন অঞ্চলে কখন কী ধরনের বৃষ্টি হবে, তা জানতে আবহাওয়া দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে কাজ করা হবে। যা এখন থেকেই শুরু হয়ে গিয়েছে।'

প্রবল বর্ষণে জলের তলায় রেললাইন চলে যাওয়া বা ভূমিধসের জেরে রেলট্র্যাকের ঝুলতে থাকা নতুন কোনও ঘটনা নয় উত্তর-পূর্ব ভারতে। উত্তরবঙ্গের বেশকিছু এলাকা বন্যাপ্রবণ বলেও চিহ্নিত। ফলে অতিবৃষ্টির সময় ব্যাহত হয় স্বাভাবিক ট্রেন চলাচল। সমস্যায় পড়তে হয় যাত্রীদের। অতীতের এমন পরিস্থিতিতে নজর রেখে এবার ঝুঁকিপূর্ণ এলাকাগুলিকে চিহ্নিত করে বর্ষা মোকাবিলার কাজ শুরু করে দিয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেল। রেল সূত্রে খবর, প্রস্তুতি হিসেবে উত্তরবঙ্গ ও উত্তর-পূর্ব ভারতের গুরুত্বপূর্ণ স্টেশনগুলির কাছে বালির বস্তা, পাথর, স্টোন চিপস, তারজালি প্রভৃতি নির্মাণসামগ্রী মজুত করা হচ্ছে। যাতে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতি এড়াতে দ্রুততার সঙ্গে ব্যবস্থা নেওয়া যায়। জানা গিয়েছে, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ডিভিশনে ২০ হাজার ঘনমিটারের বেশি বোল্ডার, কাটিহার ডিভিশনে ৫ হাজার ঘনমিটার বোল্ডার, ১২০০ ঘনমিটার বালি এবং ২০ হাজারের বেশি সিমেন্টের বস্তা মজুত করা হয়েছে।



*বাসুসুবায় তিস্তা থেকে এভাবেই চলছে অবাধে বালি তোলা। -সংবাদচিত্র*

# ভোটের আবহে তিস্তা থেকে বালি পাচার

**শুভদীপ শর্মা**

**লাটাগুড়ি, ২৮ এপ্রিল :** নির্বাচনি ব্যস্ততার সুযোগে জলপাইগুড়ি জেলার ক্রান্তি ব্লকের বাসুসুবা এলাকায় তিস্তা থেকে অবাধে বালি উত্তোলন ও পাচারের অভিযোগ ক্রমশ জোরালো হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের দাবি, দিনের পর দিন প্রকাশ্যে নদীর বুক চিরে বালি তুলে ট্র্যাক্টর-ট্রলিতে করে তা আশপাশের বিভিন্ন এলাকায় পাচার করা হচ্ছে। অথচ প্রশাসনের তরফে কোনও নজরদারি নেই। মাল ব্লকের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিক প্রীতি লামা বলেন, 'বর্তমানে নির্বাচনের দায়িত্বে দপ্তরের কর্মীরা ব্যস্ত রয়েছেন। তবে খুব শীঘ্রই বিষয়টি নিয়ে উপযুক্ত ব্যবস্থা গৃহীত হবে।'

স্থানীয় সূত্রে খবর, প্রায় এক মাস ধরে অবৈধ বালি উত্তোলনের মাত্রা অনেকটা বেড়েছে। প্রতিদিন সকাল থেকে দুপুর পর্যন্ত নদীতে নেমে ৮-১০টি ট্র্যাক্টর-ট্রলিতে বালি তোলা হচ্ছে। এরপর সেই বালি নদীর বাঁধ পেরিয়ে বাইরে নিয়ে গিয়ে চড়া দামে বিক্রি চলছে। অভিযোগ, সরকারের রাজস্ব ফাঁকি দিয়ে এই কারবার চললেও তা রুখতে কার্যকর কোনও পদক্ষেপ করা হয়নি। এলাকাবাসীর আশঙ্কা, এভাবে লাগামছাড়া ও অবৈজ্ঞানিকভাবে বালি তোলার ফলে তিস্তার নিজের স্বাভাবিক গতিপথ পরিবর্তিত হতে পারে। এর জেরে ভবিষ্যতে বন্যার আশঙ্কা বাড়ছে। পাশাপাশি নদীর বাঁধ ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না, যা আশপাশের জনবসতির জন্য বড় বিপদ ডেকে আনতে পারে। জলপাইগুড়ি সায়েন্স অ্যান্ড নেচার ক্লাবের সম্পাদক রাজা রাউতের কথায়, 'এভাবে অবৈধ বালি উত্তোলন কোনওভাবে মেনে নেওয়া যায় না। ইতিমধ্যে তিস্তা নদী জলপাইগুড়ি শহরের খুব কাছাকাছি চলে এসেছে। এভাবে বালি তোলা চলতে থাকলে আগামীদিনে ভয়াবহ পরিস্থিতি তৈরি হতে পারে।' ক্রান্তি ফাঁড়ির পুলিশ জানিয়েছে, অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## রাত হলেই বাড়িতে ঢিল

**নাগরাকাটা, ২৮ এপ্রিল :** রাত হলেই ঢিল পড়ছে বাড়ির টিনের চালে। গত এক সপ্তাহ ধরে এমনটাই চলছে নাগরাকাটার সুলকাপাড়া বাজার এলাকার ফকিরধুরা গ্রামে। অনবরত ঢিল পড়তে থাকায় বেশ কয়েকটি বাড়ির চাল ফুটো হয়ে গিয়েছে। আতঙ্কে এলাকার বাসিন্দারা গাড়ি ও বাইক অন্যত্র রাখা শুরু করেছেন। সোমবার রাতে ঢিলের আঘাত থেকে কয়েকজন অল্পের জন্য রক্ষা পান। ঘটনার খবর পেয়ে পুলিশ পাহারা দেওয়া শুরু করেছে। আতঙ্ক এতটাই যে, ছাত্রছাত্রীদের পড়াশোনা লাটে ওঠার জোগাড়। নাগরাকাটা থানার পুলিশ বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে বলে জানিয়েছে।

স্থানীয় তরুণ ফরিদুল হক বলেন, 'গত রবিবার রাতে বাড়িতে হঠাৎ ঢিল পড়া শুরু হয়। কোথা থেকে এত ঢিল পড়ছে কিছুই বুঝতে পারছি না। ঢিলের আঘাতে আমার বাড়ির টিনের চাল ফুটো হয়ে গিয়েছে।' আরেক বাসিন্দা রুবেল হকের বাড়ির টিনের চালও ফুটো হয়ে গিয়েছে। সন্ধ্যা ঘনালেই ভয়ে কেউ বাড়ির বাইরে বেরোতে সাহস পাচ্ছেন না। পুলিশ এসে নজরদারি চালালেও ঢিল পড়া বন্ধ হচ্ছে না। স্থানীয় সূত্রে খবর, রাত আটটার পর থেকে ওই কাণ্ড শুরু হচ্ছে। ভয়ে স্নেহা পারভিন নামে এক ছাত্রী পড়াশোনা করতে পারছে না বলে জানিয়েছে।

## ঝুলন্ত হোর্ডিংয়ে দুর্ঘটনার শঙ্কা

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** গত কয়েকদিন ধরে ঝোড়ো হাওয়া ও বৃষ্টির জেরে হাকিমপাড়া, কদমতলা মোড় থেকে শুরু করে বেগুনটারি, শিল্পসমিতিপাড়া ও রাজবাড়িপাড়া সহ বিভিন্ন এলাকায় হোর্ডিংয়ের একাংশ ছিঁড়ে ঝুলে রয়েছে। কোথাও বৈদ্যুতিক তারের ওপর ছেঁড়া অংশ পড়ে রয়েছে। কোথাও লোহার কাঠামোর তিন দিক খুলে একদিকে বিজ্ঞাপনী হোর্ডিং ঝুলে আছে। স্থানীয় বাসিন্দাদের আশঙ্কা, ফের দমকা হাওয়া কিংবা বৃষ্টি হলে সেইসব ঝুলন্ত হোর্ডিং পড়ে গিয়ে দুর্ঘটনা ঘটতে পারে। অভিযোগ, ওইসব বড় হোর্ডিং রক্ষণাবেক্ষণের দিকে জলপাইগুড়ি পুরসভার কোনও নজর নেই। প্রাকৃতিক দুর্যোগে হোর্ডিং ছিঁড়ে দুর্ঘটনা ঘটলে এর দায়িত্ব কে নেবে সেই প্রশ্ন উঠছে।

স্থানীয় বাসিন্দা পিন্টু নস্করের কথায়, 'হাকিমপাড়ায় ঝুলে থাকা হোর্ডিংয়ের নীচ দিয়ে প্রতিনিয়ত গাড়ি যাচ্ছে। যে কোনও সময় বড় দুর্ঘটনা ঘটবে।' যদিও সাধারণ মানুষের আশঙ্কার কথা পুর কর্তৃপক্ষ পুরোপুরি উড়িয়ে দেয়নি। পুরসভার ভাইস চেয়ারম্যান সন্দীপ মাহাতো বলেন, 'বিষয়টি নজরে এসেছে। যেসব হোর্ডিং বিপজ্জনকভাবে ঝুলছে সেগুলি পুরসভা দ্রুত সরানোর কাজ শুরু করেছে।'

# হস্টেলের বাইরে ছাত্রের দেহ

**রাজু হালদার**

**গঙ্গারামপুর, ২৮ এপ্রিল :** গঙ্গারামপুর থানার বাগানবাড়ি এলাকায় রহস্যজনকভাবে মৃত্যু হল এক ছাত্রের। সেখানকার একটি আবাসিক স্কুলের দশম শ্রেণির পড়ুয়া ছিল সে। পুলিশ জানিয়েছে, মৃতের নাম জামিস আলবক্স হোসেন (১৫)। সোমবার গভীর রাতে সেই আবাসিক স্কুলের বাইরে পড়ে ছিল তার দেহ। যেখানে তার দেহ মিলেছে, তার লাগোয়া সেই হস্টেলের একতলার শৌচালয় রয়েছে। সেই পড়ুয়া শৌচালয়ের ঘুলঘুলি দিয়ে বেরোতে গিয়ে পড়ে গিয়েছে, নাকি বাইরে থেকে ঘুলঘুলি দিয়ে শৌচালয়ে ঢোকার চেষ্টা করছিল, তা স্পষ্ট নয়। ঘটনার তদন্ত শুরু করেছে গঙ্গারামপুর থানার পুলিশ। দেহ ময়নাতদন্তের জন্য বালুরঘাট জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।

জামিস তপন ব্লকের তারাইট এলাকার বাসিন্দা। ২০২৫ সালে বাগানবাড়ি এলাকার আবাসিক এই স্কুলে নবম শ্রেণিতে ভর্তি হয়েছিল। প্রশ্ন উঠছে, একতলার শৌচালয়ের ঘুলঘুলি থেকে পড়ে গিয়ে কী করে একজনের মৃত্যু হতে পারে? যেখানে সেই পড়ুয়ার দেহ মিলেছে, সেখানে একদম নীচ দিয়ে গিয়েছে হাইটেনশন লাইন। মনে করা হচ্ছে, সেই লাইনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জামিসের মৃত্যু হয়েছে। ময়নাতদন্তের পর মৃত্যুর কারণ স্পষ্ট হবে, বলছে পুলিশ। তার মৃত্যুর ঘটনায় স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে চরম ক্ষোভ প্রকাশ করেছে ও শাস্তির দাবিতে সরব হয়েছে মৃত ছাত্রের পরিবার। নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলে জামিসের মামা মতিউর সরকারের প্রশ্ন, 'রাতের অন্ধকারে একজন ছাত্র হস্টেল থেকে বের হয়ে যাচ্ছে, অথচ কোনও নজরদারি নেই? সিসিটিভি নেই? ঘটনার তদন্ত হোক আর এই স্কুল বন্ধ করে দেওয়া হোক।'

### গঙ্গারামপুর

সেই স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক রতন রায় জানালেন, ছাত্রদের রাত্রি নয়টা থেকে এগারোটা পর্যন্ত অঙ্ক করিয়ে তারপরে শুয়ে পড়েছিলেন। সাড়ে এগারোটায় তাঁকে অন্য ছাত্ররা এসে জানায় যে, দশম শ্রেণির এক ছাত্রকে খুঁজে পাওয়া যাচ্ছে না। তারপর তল্লাশি শুরু করা হয়। রতন বলেন, 'দীর্ঘক্ষণ খোঁজাখুঁজির পর বাথরুমের বাইরের দিকে সেই ছাত্রকে পড়ে থাকতে দেখা গিয়েছে। বাথরুমের ঘুলঘুলি গিয়ে ছাত্র বাইরে বের হয়ে যেতে পারে বলে অনুমান করছি। কিন্তু কীভাবে এই ঘটনা ঘটল, তা বলতে পারছি না।'

কীভাবে এই ঘটনা ঘটল তা নিয়ে মৃত ছাত্রের পরিবারের মধ্যেও অনেক প্রশ্ন রয়েছে। আর সেইসঙ্গে নিরাপত্তা নিয়ে গাফিলতি ও জামিসের চিকিৎসা নিয়েও অভিযোগ উঠেছে। মৃত ছাত্রের কাকা আনওয়ারুল সরকারের কথায়, 'সোমবার রাতে স্কুল কর্তৃপক্ষ আমাদের দ্রুত চলে আসতে বলে। গিয়ে দেখি শৌচালয়ের বাইরে আমার ভাইপোর মৃতদেহ পড়ে রয়েছে।'

# আবর্জনার স্তূপে দমবন্ধ দশা দেবীঝোরার

**কৌশিক দাস**



*স্কুলের সামনে নদীর পাড়ে জমেছে আবর্জনার স্তূপ। -সংবাদচিত্র*

**ক্রান্তি, ২৮ এপ্রিল :** আবর্জনায় ক্রমশ দমবন্ধ হয়ে আসছে নদীর। এক সময়ে যে দেবীঝোরা স্রোতস্বিনী ছিল, এখন সেই নদীরই বুজে যাওয়ার উপক্রম হয়েছে। আবর্জনায় নদী কার্যত তার অস্তিত্ব হারাতে বসেছে। অভিযোগ উঠছে, ক্রান্তির স্থানীয় ব্যবসায়ীদের একাংশ নদীতে আবর্জনা ফেলছে। অবশ্য গ্রাম পঞ্চায়েতের প্রধানের বক্তব্য, বারবার নিষেধ করা সত্ত্বেও অনেকে আবর্জনা ফেলা বন্ধ করেননি। তাঁদের বিরুদ্ধে কড়া পদক্ষেপের হুঁশিয়ারি দিয়েছেন তিনি। যদিও অনেকেই বলছেন, শুধু হুঁশিয়ারিতেই কাজ হবে না। পদক্ষেপ না করলে নদীটাই এক সময়ে আবর্জনায় চাপা পড়ে যাবে।

একসময় এই নদীতে পাওয়া যেত সুস্বাদু নদীয়ালি মাছ। কিন্তু নদী দূষণের ফলে এখন সেইসব মাছ হারিয়ে যাচ্ছে। দূষণের জেরে দেবীঝোরা নদীতে পরিযায়ী পাখিও এখন আর দেখতে পাওয়া যায় না। এনিয়ে ক্ষোভ চেপে রাখেননি স্থানীয়রা। শুভঙ্কর সরকার নামে এক স্থানীয় বাসিন্দা বলছেন, 'নদীর বুকে আবর্জনা ফেলে নদীটিকে শেষ করে দেওয়ার চেষ্টা হচ্ছে। নদী বাঁচাতে প্রশাসনকে কঠোর ব্যবস্থা নিতে হবে।'

ক্রান্তির দুটো শিক্ষাপ্রতিষ্ঠানের নাম এই নদীর নামেই। নদীর ঠিক পাশেই রয়েছে দেবীঝোরা উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং দেবীঝোরা প্রাথমিক বিদ্যালয়। নদী দূষণের চিত্র প্রভাব ফেলছে শিশুমনেও। বিদ্যালয়ের প্রাক্তনী বর্তমানে কলেজ পড়ুয়া ভূগোলের ছাত্রী উষর্শী রায়ের কথায়, 'এই নদী ক্রান্তির সম্পদ। বর্তমানে নদীর অস্তিত্ব বিপন্ন। আমাদের শৈশবের অনেক স্মৃতি রয়েছে দেবীঝোরা নদীকে ঘিরে। বর্ষাকালে নদীতে কতরকমের মাছের দেখা মিলত। প্রশাসন ও বাসিন্দা উভয়কে নদীর দায়িত্ব নিতে হবে।'

> **আমাদের শৈশবের অনেক স্মৃতি রয়েছে দেবীঝোরা নদীকে ঘিরে। বর্ষাকালে নদীতে কতরকমের মাছের দেখা মিলত। প্রশাসন ও বাসিন্দা উভয়কে নদীর দায়িত্ব নিতে হবে।**
>
> **উষর্শী রায়**
> কলেজ পড়ুয়া

কিছু দোকানদার এবং নদীসংলগ্ন এলাকার বাসিন্দাদের একাংশ রাতের অন্ধকারে সমস্ত আবর্জনা দেবীঝোরা নদীতে ফেলছে বলে অভিযোগ উঠছে। নদীর পাড়, এমনকি নদীর বুকেও প্লাস্টিক, বোতল, থার্মোকলের বাটি জমে রয়েছে।দেবীঝোরা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মকসুদ আলম বলছেন, 'নদীর নামেই বিদ্যালয়। নদীকে বাঁচিয়ে রাখতেই হবে।' নদী বাঁচানোর দাবি তুলছেন দেবীঝোরা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলামও।

ক্ষোভ রয়েছে স্কুল পড়ুয়াদের মধ্যেও। পড়ুয়া দেবিশা বিশ্বাস, রূপসা ভৌমিক, বীণা রায়রা দেবীঝোরা নদীকে বাঁচিয়ে রাখতে একজোট। প্রশাসনের সদর্থক ভূমিকার দাবি জানিয়েছে তারা। তাদের দাবি, দেবীঝোরা নদী ক্রান্তি ব্লকের ঐতিহ্য। ক্রান্তির প্রাণকেন্দ্রে থাকা নদীর এই দূষণ কোনওভাবেই মেনে নেওয়া যায় না বলে জানাচ্ছে স্কুল পড়ুয়ারা।

সমস্যার কথা মেনে নিয়েছেন ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের প্রধান মালতী টুডুও। এ নিয়ে প্রধান বলছেন, 'আমরা নদীতে আবর্জনা ফেলতে বারবার নিষেধ করেছি। এর আগে একাধিকবার আবর্জনা পরিষ্কার করা হয়েছে। এরপরেও কোনও অসাধু ব্যক্তি বা ব্যবসায়ীরা সেখানে আবর্জনা ফেলছেন। আগামীদিনে আমরা কঠোর ব্যবস্থা গ্রহণ করব।'

এদিকে, ক্রান্তি বাজার স্থায়ী ব্যবসায়ী সমিতির সভাপতি কিশোর বিশ্বাস বলছেন, 'এক শ্রেণির ব্যবসায়ী নদীর মধ্যে আবর্জনা ফেলছেন। এটা কখনোই কাম্য নয়। কিন্তু একই সঙ্গে আবর্জনা ফেলার জন্য নির্দিষ্ট জায়গা করে দেওয়া উচিত প্রশাসনের।'



# সবুজ ১০০, গেরুয়া ২০০

## আগাম আভাসের খোঁজ রেখে আবির স্টক জলপাইগুড়িতে

**অনসূয়া চৌধুরী**

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** ৪ মে কোন রংয়ের আবির উড়বে জলপাইগুড়ির আকাশে! রাজ্যই বা কোন রংয়ে মাতবে! মোবাইল রিল স্ক্রল করে সেই খোঁজই নিচ্ছিলেন জলপাইগুড়ির এক ব্যবসায়ী। আভাস পেলে সেই রংয়ের আবিরই একটু বেশি করে কিনে রাখবেন। জলপাইগুড়িতে এবার সাইলেন্ট ভোটিংয়ের কথা মুখে মুখে ফিরলেও দুই ফুলই আগাম আবির কিনে রাখছে। কোনও দোকানে সবুজের চাহিদা বেশি, কোনও দোকানে গেরুয়া আবিরের স্টকই শেষ। পরিস্থিতি এমন, সবুজ আবির কেজিপ্রতি ১০০ টাকা হলেও গেরুয়া আবির ২০০ ছুঁয়েছে।

কোন রংয়ের আবির কিনবেন, কোন রং বেশি বিক্রি হবে এই নিয়েও ফাটকা খেলছেন ব্যবসায়ীরা। দিনবাজারের ব্যবসায়ী পবন আগরওয়াল বলেন, 'সবুজ আবির প্রায় ১ কুইন্টালের মতো এনেছি। ইতিমধ্যেই ৪ জন কিনেও নিয়ে গিয়েছেন। দাম কেজিপ্রতি ১০০ টাকা। জলপাইগুড়ি সদর বিধানসভার ফলাফলের পর গতবছর সবুজ আবির বিক্রি হয়েছিল। এবছরও তাই এনেছি।'

আবার টেম্পল স্ট্রিটের সঞ্জয় সাহা জানালেন, 'একটু চিন্তায় আছি। ব্যবসায়ী হিসেবে প্রতিদিন সাধারণ মানুষের গলায় যে পরিবর্তনের সুর শুনছি, তা হলে গেরুয়া আবির আরও প্রয়োজন। এখনও পর্যন্ত ৫ বস্তা গেরুয়া ও ২ বস্তা সবুজ রয়েছে। গেরুয়া বাজারেও পাচ্ছি না।'

প্রথম দফা নির্বাচনের পর বুধবার দ্বিতীয় দফা নির্বাচন। দুই ফুলের সর্বোচ্চ নেতৃত্ব আগাম আবির স্টক করে রাখতে বলেছে। কর্মীরাও সেইমতো বাজার ঘুরছেন। জলপাইগুড়ি শহরের দিনবাজার, যোগমায়া কালীবাড়ি সংলগ্ন দশকর্মা ভাণ্ডারে কেউ বলছেন গেরুয়া আবির যা স্টকে আছে, ৪ তারিখে আরও প্রয়োজন। আবার কেউ বলছেন, জলপাইগুড়িতে আগেও সবুজ আবির বেশি বিক্রি হয়েছে। এবারও হবে। তাই সবুজ এনেছি।

অজয় পাল ও মণীশ আগরওয়াল জানান, 'দুটো রংয়ের আবিরই আনা হয়েছে। বিক্রিও হচ্ছে। তবে, সবুজের থেকে গেরুয়ার বিক্রি একটু বেশি। আমরা দুটো রংই রেখেছি। ব্যবসা হওয়া দিয়ে কথা।'টেম্পল স্ট্রিটের সঞ্জয় সাহা বলেন, 'কয়েকজন আমার থেকে গেরুয়া কিনে নিয়ে যাওয়ার সময় বললেন বাজারে গেরুয়া রং-এর আবির নাকি শর্টেজ।'

দাম কি বেড়েছে? প্রশ্ন করতেই তিনি বলেন, 'সবুজ ১০০ টাকা কেজি, গেরুয়া ২০০ টাকা।' তবে, বাজার ঘুরে দেখা গেল কোয়ালিটি অনুযায়ী আবিরের দামের হেরফের রয়েছে। অনেকে আবার একটু ব্যালেন্স রেখে বললেন, 'দুটি রং সমান সমান রেখেছি। গেরুয়া, সবুজ দুটোই ৫ বস্তা করে বিক্রি হয়েছে।' কেউ আবার বলেই বসলেন, 'সমান সমান কিনেছি। স্টক গোডাউনে আছে। ৪ তারিখ সকালে পরিস্থিতি বুঝে বের করব।' পরিমাণ জিজ্ঞেস করতেই উত্তর এল, 'গেরুয়া ২০ বস্তা, সবুজ ১৫ বস্তা।'




জলপাইগুড়ির বাজারে মজুত করা আবির।

> **কয়েকজন আমার থেকে গেরুয়া কিনে নিয়ে যাওয়ার সময় বললেন বাজারে গেরুয়া রং-এর আবির নাকি শর্টেজ। চাহিদা মতো বাজারে সবুজ আবির ১০০ টাকা কেজি, গেরুয়া ২০০ টাকা।**
>
> **সঞ্জয় সাহা**
> টেম্পল স্ট্রিটের ব্যবসায়ী



রাজনীতি ও ছেলেবেলা।। *শিলিগুড়িতে মুহূর্তটি ক্যামেরাবন্দি করেছেন হিমাদ্রি শিখর রায়।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

# বিদ্যুতের তারে শঙ্কা মাদ্রাসায়

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ২৮ এপ্রিল :** আক্ষরিক অর্থেই বিপদ মাথায় নিয়ে পড়াশোনা করছে বালাবাড়ি এক্রামিয়া হাই মাদ্রাসার পড়ুয়ারা। রাজগঞ্জ ব্লকের সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের বালাবাড়িতে হাই মাদ্রাসার পাকা ঘরের টিনের চালার ঠিক ৩ ফুট উপর দিয়ে গিয়েছে ১১ হাজার ভোল্টের বিদ্যুৎবাহী তার। যে কোনও সময় ঝড় কিংবা প্রাকৃতিক কারণে এই তার ছিঁড়ে পড়লে একাধিক প্রাণহানির ঘটনা ঘটতে পারে। এত বড় ঝুঁকি থাকার পরেও কিন্তু নির্বিকার বিদ্যুৎ দপ্তর। বিপদ আটকাতে কোনও ব্যবস্থাই নেওয়া হয়নি। এই নিয়ে এলাকাবাসীর ক্ষোভ চরমে উঠেছে।

স্থানীয় বাসিন্দা জমির মহম্মদ বলেন, 'বিষয়টি লক্ষ করে গা শিউরে উঠেছে। মাদ্রাসার পাকা ঘরের জানলা, দরজা লোহার। উপরে টিনের চালার কাঠামোও লোহার তৈরি। যে কোনও সময় তার ছিঁড়ে টিনের উপর পড়লেও বিপত্তি ঘটতে পারে।'

সমস্যার কথা মেনে নিয়েছেন মাদ্রাসার পরিচালন কমিটির সভাপতি মেহেবুব আলমও। তিনি বলেন, 'বিষয়টি নিয়ে যত দ্রুত সম্ভব আমরা বিদ্যুৎ দপ্তরকে জানাব।' তাতেও যদি কাজ না হয়, তাহলে আন্দোলনের হুমকিও দিয়েছেন মেহেবুব। মেহেবুবের সুরে সুর মিলিয়েই স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য কুবুরাতুন খতেজা জানিয়েছেন, বিদ্যুৎ দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে ছাত্রছাত্রীদের নিয়ে বিদ্যুৎ দপ্তর ঘেরাও করবেন তাঁরা।

তবে বালাবাড়ি এক্রামিয়া হাই মাদ্রাসার প্রধান শিক্ষক প্রসেনজিৎ সরকার জানিয়েছেন, বিদ্যুৎ দপ্তরকে ইতিমধ্যেই দুর্ঘটনার আশঙ্কার কথা জানানো হয়েছে। তবে সমস্যা অন্য জায়গায়। প্রসেনজিৎ বলেন, 'বিদ্যুৎ দপ্তরের তরফ থেকে খুঁটি এবং তার সরানোর জন্য ৩ লক্ষ ৩০ হাজার টাকা চেয়েছিল। সেই টাকা দেওয়ার মতো পরিস্থিতি স্কুলের নেই।'

আবার প্রধান শিক্ষকের দাবির সঙ্গে ফুলবাড়ি বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রের সুপারিন্টেন্ডেন্ট সন্দীপ ভট্টাচার্যের কথা মিলছে না। সন্দীপ তো টাকা চাওয়ার কথা উড়িয়ে দিয়েছেন। তিনি বলেন, 'আমি যতদূর জানি এই স্কুলের উপর দিয়ে যাওয়া হাই ভোল্টেজের ওই তার বিদ্যুৎ দপ্তর বাজারের উপর দিয়ে সরিয়ে দেওয়ার ব্যবস্থা করতে গিয়েছিল। কিন্তু বাজারের ব্যবসায়ীরা ওই কাজে বাধা দেওয়ায় তা সম্ভব হয়নি। স্থানীয় বাজারের ব্যবসায়ীরা এবং গ্রাম পঞ্চায়েত প্রধান সহযোগিতা করলে বিদ্যুৎ দপ্তর ওই তার ও খুঁটি সরিয়ে নেবে।' সব মিলিয়ে কেন মাদ্রাসার ওপর থেকে সেই তার সরানো হচ্ছে না, তা স্পষ্ট নয়। তবে একটা বিষয় স্পষ্ট। তা হল, পড়ুয়াদের বিপত্তির আশঙ্কা। অষ্টম শ্রেণির ছাত্র আবু তাহেরের বাবা ইয়াজউদ্দিনের কথায়, 'ছেলেকে স্কুল পাঠানোর পর বাড়ি না ফেরা পর্যন্ত ভয়ে ভয়ে থাকি।' আপাতত সেই ভয় বুকে নিয়েই ক্লাস করছে খুদেরা।



# বাসে তুলে তরুণীকে পাচারের চেষ্টা

**আলিপুরদুয়ার, ২৮ এপ্রিল :** বিশেষভাবে সক্ষম এক তরুণীকে পাচারের চেষ্টার অভিযোগে মঙ্গলবার বিকেলে আলিপুরদুয়ারের মনোজিৎ নাগ বাস টার্মিনাস এলাকা থেকে পুলিশ তিন তরুণকে আটক করে। সঙ্গে থাকা আরও দুই তরুণ অবশ্য পালিয়ে যান। পুলিশ ঘটনাস্থল থেকে অসমের রেজিস্ট্রেশন নম্বরযুক্ত একটি মোটরবাইক বাজেয়াপ্ত করেছে। ওই তরুণী কুমারগ্রাম এলাকার বাসিন্দা। আটক তরুণরা বারবিশা এলাকার বলে তদন্তকারীরা জানতে পেরেছেন। তাঁরা পূর্বপরিচিত বলে তদন্তকারীদের ধারণা। আলিপুরদুয়ার থানার আইসি অনির্বাণ ভট্টাচার্য বলেন, 'অভিযোগ পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়েছিল। সবই খতিয়ে দেখা হচ্ছে।'

**আলিপুরদুয়ারে আটক ৩ তরুণ**

পুলিশ ও স্থানীয় সূত্রে খবর, এদিন বিকেলে মনোজিৎ নাগ বাস টার্মিনাস এলাকায় দুটি বাইকে করে পাঁচ তরুণকে এলাকায় ঘোরাফেরা করতে দেখা যায়। তাঁরা শিলিগুড়ি রুটের খোঁজ করছিলেন। কিন্তু ওই রুটের কোনও বাস না পেয়ে তাঁরা বিশেষভাবে সক্ষম এক তরুণীকে ফালাকাটা রুটের একটি বাসে তুলে দেন। ওই তরুণী তাঁদের সঙ্গেই এলাকায় এসেছিলেন। ফালাকাটায় বাসের যাত্রা শেষ হলে তাঁকে যেন শিলিগুড়ি রুটের কোনও বাসে তুলে দেওয়া হয় বলে ওই তরুণরা বাসচালককে অনুরোধ জানান। একা ওই তরুণীকে কেন এভাবে বাসে তুলে দেওয়া হল বলে চালক প্রশ্ন করলে ওই তরুণরা কোনও সদুত্তর দিতে পারেননি। তিনি হইচই করা শুরু করলে চাঞ্চল্য ছড়ায়।

পাশে থাকা একটি গাড়ির চালক ইতিমধ্যেই ওই তরুণীকে চিনতে পারেন। তিনি কুমারগ্রামে ওই তরুণীর বাড়ির লোকেদের সঙ্গে যোগাযোগ করেন। ওই তরুণী যে আলিপুরদুয়ারে এসেছেন তা পরিবারের সদস্যদের জানা ছিল না। তিনি বাড়িতে আছেন বলে তাঁদের ধারণা ছিল। তাই ঘটনাটি তাঁরা প্রথমে বিশ্বাস করতে চাননি। ফোনে ওই চালকের সঙ্গে অনেকক্ষণ কথা বলার পর সবকিছু তাঁদের কাছে স্পষ্ট হয়। ওই চালক তাঁদের ঘটনাস্থলে আসার অনুরোধ জানান। অন্যদিকে ঘটনার গুরুত্ব বুঝে ওই চালক ও স্থানীয় ব্যবসায়ীরা মিলে পুলিশে খবর দেন।

এক প্রত্যক্ষদর্শীর কথায়, 'ওই তরুণী বাসে ঠিকমতো উঠতে পারছিলেন না। ওই পাঁচজনে মিলে একরকম জোর করেই তাঁকে ওই বাসে তুলে দেয়। চালকের সন্দেহ হওয়ার পর জিজ্ঞাসাবাদ শুরু করলে ওই তরুণরা খেপে যান। এরপরই আমরা পুলিশে খবর দিই। বেগতিক দেখে একটি বাইকে চেপে ওই তরুণদের দুজন পালায়।' ওই ব্যক্তির ধারণা, ওই তরুণীকে পাচারের চেষ্টা করা হচ্ছিল। ওই তরুণী বাড়ির বাইরে বেরিয়েছেন বলে বাড়ির লোকেদের জানা ছিল না। চিকিৎসার জন্য বন্ধুদের সঙ্গে তিনি কোচবিহারে যাচ্ছিলেন বলে ওই তরুণী ইতিমধ্যে তদন্তকারীদের জানিয়েছেন। কেনই বা তাঁকে ফালাকাটার বাসে একা তোলা হল, পরে শিলিগুড়ি রুটের বাসে তুলে দেওয়ার কথা বলা হল তা স্পষ্ট হয়নি।

## ধূপগুড়িতে অসময়ে বৃষ্টি

# চাষে ক্ষতি, সারের বকেয়া নিয়ে চিন্তা

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ২৮ এপ্রিল :** অসময়ের বৃষ্টি পথে বসিয়েছে আলুচাষিদের। ব্যবসায়িক দুশ্চিন্তায় রাসায়নিক সার বিক্রেতারাও। প্রতি বছরের মতো চলতি মরশুমেও প্রাপ্য টাকা না পেয়েও চাষিদের হাতে রাসায়নিক তুলে দিয়েছিলেন সার বিক্রেতারা। চাষির ঘরে লাভের টাকা ঢুকলেই, মিলবে বকেয়া টাকা, আশায় ছিলেন তাঁরা। বকেয়া টাকা মেটানোর পরিকল্পনা ছিল চাষিদেরও। কিন্তু বৃষ্টির জন্য লাভের টাকা ঘরে তোলা তো দূরের কথা, উৎপাদনের খরচ ওঠাতে পারছেন না অনেক আলুচাষি। ফলে তাঁরা বকেয়া টাকা পরিশোধ করতে পারছেন না। বিপাকে পড়েছেন রাসায়নিক সার ব্যবসায়ীরা। শালবাড়ির রাসায়নিক সার ব্যবসায়ী দিলীপ বিশ্বাস বলেন, 'আলুচাষিদের কাছ থেকে লক্ষাধিক টাকা পাওনা রয়েছে। আলুর মরশুমে চাষিদের বাকিতেই সার দেওয়া হয়েছিল।'

মরশুমের শুরুতে চাষিরা বাকিতে রাসায়নিক সার নেবেন এবং ফলন উৎপাদনের পর তা বাজারজাত করে বকেয়া টাকা পরিশোধ করে দেবেন, বছরের পর বছর এমন বোঝাপড়া রয়েছে আলুচাষি এবং সার বিক্রেতাদের মধ্যে। কিন্তু এবছর অসময়ের বৃষ্টিতে বিঘার পর বিঘা আলুর খেত চলে গিয়েছে জলের তলায়। আলু তুলেও বৃষ্টির জন্য মাঠ থেকে তা ঘরে বা হিমঘরে রাখতে পারেননি অনেক চাষি। মাথায় হাত পড়েছে তাঁদের। পাওনা টাকা নিয়ে চিন্তায় সার ব্যবসায়ীরাও। সার ব্যবসায়ীদের কথায়, টাকা চাইলেও দিতে অপারগ চাষিদের বড় অংশ। শস্যবিমার আওতায় ক্ষতিপূরণের টাকা না পেলে টাকা পরিশোধ সম্ভব নয়, বলছেন অনেক আলুচাষি। এমনই এক আলুচাষি বলছেন, 'আলু চাষে খরচ অনেকটাই হয়। সে কারণে রাসায়নিক সারও বকেয়া রেখে নেওয়া হয়। কিন্তু চলতি বছর এভাবে লোকসানের মুখোমুখি হতে হবে, বুঝিনি। সে কারণে সার ব্যবসায়ীদের বকেয়া টাকা পরিশোধ চাপের হয়ে দাঁড়িয়েছে।' ক্ষতিপূরণের টাকা মিললে ব্যবসায়ীদের টাকা কিছুটা মেটানো হবে বলে অনেকেই জানান।

ধূপগুড়ি সার ব্যবসায়ী সমিতির সম্পাদক বাপ্পা পাল বলছেন, 'অধিকাংশ সার ব্যবসায়ী কৃষকদের বাকিতে রাসায়নিক সার দিয়েছে। বকেয়া টাকা না পেয়ে তাঁরা বিপাকে পড়েছেন। কৃষকদের অবস্থাও বিশেষ ভালো নয়। বকেয়া টাকা দেওয়ার ইচ্ছা থাকলেও, তাঁদের অনেকের উপায় নেই। কৃষকদের সময় দিতে হচ্ছে।' কৃষি দপ্তর সূত্রে খবর, ক্ষতিপূরণের টাকা দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।



- বৃষ্টির জন্য লাভের টাকা ঘরে তোলা তো দূরের কথা, উৎপাদনের খরচ ওঠাতে পারছেন না অনেক আলুচাষি
- চাষিরা বকেয়া টাকা শোধ করতে পারছেন না
- এর জেরে বিপাকে পড়েছেন রাসায়নিক সার ব্যবসায়ীরা

> **অধিকাংশ সার ব্যবসায়ী কৃষকদের বাকিতে রাসায়নিক সার দিয়েছেন। বকেয়া টাকা না পেয়ে তাঁরা বিপাকে পড়েছেন। কৃষকদের অবস্থাও বিশেষ ভালো নয়।**
>
> **বাপ্পা পাল** সম্পাদক,
> ধূপগুড়ি সার ব্যবসায়ী সমিতি



*জলের তলায় আলু চাষের জমি। -ফাইল ছবি*



*তিস্তায় ভেসে ওঠা মরা মাছ। মঙ্গলবার। -সংবাদচিত্র*

# করলার পর তিস্তায় মাছের মড়ক

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** ফের মাছের মড়ক জলপাইগুড়িতে। করলার পর এবার মঙ্গলবার সকালে মাছের মড়কের ঘটনা ঘটল জলপাইগুড়ি শহর সংলগ্ন তিস্তা নদীতে। এদিন দক্ষিণ সুকান্তনগরের বাসিন্দারা গোরু নিয়ে তিস্তার চরে যাওয়ার সময় জলে বোরোলি, দাড়াঙ্গি, চ্যালা, বাইম সহ প্রায় ১০ রকম প্রজাতির মরা মাছ ভাসতে দেখেছেন বলে দাবি করেন। নদীতে বিষ দেওয়ার ফলেই এই ঘটনা বলে অনুমান স্থানীয়দের।

এ বিষয়ে জেলা সহকারী মৎস্য অধিকর্তা রমেশচন্দ্র বিশ্বাসের বক্তব্য, 'আমি তিস্তায় মাছের মড়কের খবর জানতে পেরেছি। ভোট দিতে আমি কলকাতায় এসেছি। তবে মরা মাছ এবং জলের নমুনা সংগ্রহের জন্য অফিসে নির্দেশ দেওয়া হয়েছে।'

চলতি বছর ফেব্রুয়ারির শুরুতে জলপাইগুড়ির করলা নদীতে মাছের মড়ক দেখা যায়। নদীর প্রায় দেড় কিলোমিটার এলাকাজুড়ে এই মাছের মড়ক হয়েছিল। সেই সময় মৎস্য দপ্তর প্রাথমিক তদন্তে জানিয়েছিল, নদীতে কীটনাশক জাতীয় কিছু মেশানোর কারণে মাছের মড়ক হয়েছিল। বোয়াল, আড় সহ প্রায় ১৫ প্রজাতির মাছ মারা গিয়েছিল। করলার জল এবং মরা মাছের নমুনা পরীক্ষার জন্য কলকাতায় পাঠানো হলেও তার রিপোর্ট এখনও জেলা মৎস্য দপ্তরের হাতে পৌঁছায়নি। করলায় মাছের মড়কের ঘটনার দুই মাসের মাথায় এদিন ফের তিস্তায় মরা মাছ ভেসে থাকতে দেখেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা গোবিন্দ চন্দ বলেন, 'আমাদের এলাকার লোক প্রতিদিনই গোরু নিয়ে তিস্তার চরে যান। এখন তিস্তার এই প্রান্তে জল খুবই কম। সকালেই স্থানীয়রা দেখতে পান বেশ কিছু মাছ ভেসে রয়েছে। অনেকেই মরা মাছ সংগ্রহ করে নিয়ে গিয়েছেন। কীভাবে মাছগুলো মারা গেল তা আমাদের কাছে পরিষ্কার নয়।'

মাছের মড়কের খবর পেয়ে ঘটনাস্থলে যান প্রকৃতিপ্রেমী জলপাইগুড়ি নামে মাছ, নদী নিয়ে কাজ করা একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা। সংগঠনের সম্পাদক দীপাঞ্জন বক্সী বলছেন, 'আমি ঘটনাস্থলে গিয়ে জানতে পারি, সকাল থেকে বহু মানুষ মরা মাছ নিয়ে গিয়েছেন। প্রায় ১০ রকম প্রজাতির মাছ মারা গিয়েছে। আমার অনুমান, কেউ বা কারা আবারও করলার মতো এই তিস্তার জলে বিষ বা কীটনাশক মিশিয়েছেন। আমি বিষয়টি মৎস্য দপ্তরকেও জানিয়েছি। আমরা চাই পরিবেশের স্বার্থে এইভাবে মাছ মারা বন্ধ করা হোক।'

# স্ট্রংরুমের ক্যামেরা বন্ধের অভিযোগ

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** জলপাইগুড়ি ডিসিআরসি স্ট্রংরুমের সিসি ক্যামেরা মাঝেমধ্যে বন্ধ হওয়ার অভিযোগ তুলে সরব হলেন সদরের তৃণমূল প্রার্থী কৃষ্ণ দাস। বিতর্ক উসকে তিনি বলেন, 'বিজেপি মানুষের ভোট পায়নি বলে জলপাইগুড়ি ডিসিআরসি'র স্ট্রংরুমে ক্যামেরা বন্ধ করার চক্রান্ত করছে। তৃণমূল জেলার সবক'টি আসনে জিতবে বলে বিজেপি ভয় পেয়েছে। তাই মাঝেমধ্যেই স্ট্রংরুমের ক্যামেরা কয়েক সেকেন্ডের জন্য বন্ধ করার অভিযোগ পেয়েছি। আমি আগেও ২৫ এবং ২৬ এপ্রিল জেলা নির্বাচন দপ্তরে এই বিষয়ে অভিযোগ করেছিলাম।' মঙ্গলবার স্ট্রংরুম পরিদর্শনে এসে এমন অভিযোগে সরব হয়েছেন জলপাইগুড়ি সদর বিধানসভার তৃণমূল প্রার্থী কৃষ্ণ দাস।

যদিও কৃষ্ণের এইসব অভিযোগ আমলই দেয়নি বিজেপি। পালটা কটাক্ষ করে জলপাইগুড়ি কেন্দ্রের বিজেপির প্রার্থী অনন্তদেব অধিকারী কৃষ্ণের উদ্দেশে বলেন, 'এত কথা বলার প্রয়োজন নেই। বাজারে গিয়ে তৃণমূল দেখুক সবুজ আবিরের বেচাকেনা বন্ধ করে গেরুয়া আবির কী বিপুল পরিমাণে বিক্রি হচ্ছে। সেটাই ভোটের ফলাফলের আভাস দিচ্ছে। স্ট্রংরুমে কেন্দ্রীয় বাহিনী পাহারায় আছে। তাছাড়া সব দলের কর্মীরাও ক্যামেরার স্ক্রিনে নজর রাখছেন। তৃণমূল হারতে চলেছে বলে আগাম ভিত্তিহীন অভিযোগ করছে।' কৃষ্ণ জানিয়েছেন, মঙ্গলবার অভিযোগ করার পর নজরদারি ক্যামেরা যাতে বন্ধ না হয়, তার বিকল্প ব্যবস্থা নির্বাচন কমিশন করেছে।

# মাটি ধসে বিপদ

**ময়নাগুড়ি, ২৮ এপ্রিল :** ময়নাগুড়ি শহরের ১ নম্বর ওয়ার্ডে অবস্থিত পেটকাটি সেতু সংলগ্ন পেভার্স ব্লকের রাস্তার নীচের মাটি ধসে গিয়েছে। সেইসঙ্গে সেতুর গার্ডওয়াল ক্ষতিগ্রস্ত হয়ে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হয়েছে। এই পথ দিয়ে প্রতিদিন প্রচুর মানুষ ও একাধিক যানবাহন চলাচল করে। বৃষ্টির জেরে এমন হয়েছে বলে মনে করেছেন স্থানীয়রা।

সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলার রিম্পা রায় বলেন, 'বিষয়টি পুরসভায় বিস্তারিত জানানো হয়েছে।' যদিও ময়নাগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান সোমেশ সান্যাল জানান, নির্বাচনি আচরণবিধি চলছে তাই এই মুহূর্তে কোনও পদক্ষেপ করা সম্ভব নয়। তবে পরবর্তীতে পরিস্থিতি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

স্থানীয় বাসিন্দা রতন মজুমদার বলেন, 'ওপর থেকে দেখে সেভাবে বোঝা না গেলেও যে কোনও সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।' এলাকাবাসী রাজ রাউত জানান, দুই বছর আগে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের আর্থিক আনুকূল্যে পেভার্স ব্লকের এই রাস্তাটি নির্মাণ করা হয়েছিল। তবে বৃষ্টিতে বেশ কিছুটা অংশের মাটি ধুয়ে গিয়েছে। স্থানীয় বাসিন্দা তথা আইএনটিটিইউসি-র জলপাইগুড়ি জেলা সহকারী সভাপতি সুনীল রাউত এই পরিস্থিতির কথা স্বীকার করেছেন।

# কেন্দ্রের স্কলারশিপ

**মালবাজার, ২৮ এপ্রিল :** কেন্দ্রীয় সরকারের সংস্কৃতিমন্ত্রকের বিশেষ স্কলারশিপ পেল মালবাজার শহর সংলগ্ন ক্ষুদিরামপল্লির এক কিশোরী। সুভাষিণী উচ্চ বালিকা বিদ্যালয়ের অষ্টম শ্রেণির সেই ছাত্রীর নাম প্রাচী সাহা। পড়াশোনার পাশাপাশি সে কত্থক নৃত্যের অনুশীলন করে। বীরপাড়ার নৃত্য শিক্ষক দেবজ্যোতি মণ্ডলের কাছে প্রশিক্ষণ চলছে প্রাচীর। সম্প্রতি সে কেন্দ্রীয় সরকারের সংস্কৃতিমন্ত্রকের অধীনে একটি স্কলারশিপের পরীক্ষা দিয়েছিল। সেই স্কলারশিপের অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার। প্রাচীর বাবা প্রবীর সাহা মাল মহকুমা শাসকের দপ্তরে কর্মরত এবং মা বিউটি সাহা বীরপাড়া উচ্চবিদ্যালয়ের শিক্ষিকা। প্রাচী জানিয়েছে, স্কলারশিপ পেয়ে সে উৎফুল্ল।

# বেহাল নোনাই সেতু দিয়ে ঝুঁকির যাতায়াত

**নারায়ণচন্দ্র রায়**

**বানারহাট, ২৮ এপ্রিল :** বানারহাট ব্লকের ১ নম্বর শালবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় গয়েরকাটা থেকে নাথুয়া যাওয়ার একমাত্র ভরসা নোনাই ব্রিজ। দীর্ঘদিন ধরেই ভগ্নপ্রায় অবস্থায় পড়ে রয়েছে স্থায়ী সেতুটি। কয়েক বছর আগে সেটি বিপজ্জনক অবস্থার কারণে সরকারিভাবে অযোগ্য ঘোষণা করা হয়। এরপর বিকল্প হিসেবে সেতুর উলটোদিকে ৬ টন বহনক্ষমতাসম্পন্ন একটি অস্থায়ী লোহার সেতু নির্মাণ করা হয়।

তবে সেই লোহার ব্রিজের আয়তন ছোট হওয়ায় বড় যান চলাচলে বাধা তৈরি হয়েছে। অন্যদিকে, নোনাই ব্রিজের রাস্তার ওপর হাইট বাম্পার বসানো হয়েছে এবং কিছু দূরে কংক্রিটের বিশাল ব্যারিয়ার দিয়ে মূল সেতুর যাতায়াত সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। ফলে বর্তমানে সেতুটির মধ্যে দিয়ে একমাত্র ছোট গাড়িই যাতায়াত করতে পারছে। বড় গাড়ি না যেতে পারার কারণে সমস্যায় পড়েছেন সকলে।

এদিকে গয়েরকাটা থেকে নাথুয়া যাওয়ার পথে মরাঘাট জঙ্গলের দীর্ঘ পথ অতিক্রম করতে হয়, যেখানে বন্যপ্রাণীর করিডর রয়েছে। ফলে প্রতিদিন এই পথ দিয়ে যাতায়াত করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। বিশেষ করে রাতের বেলায় বন্যপ্রাণীর আক্রমণের আশঙ্কায় ভীত থাকেন যাত্রীরা। এলাকাবাসীর মধ্যে এই পরিস্থিতি নিয়ে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। স্থানীয় বাসিন্দা শামসুল আলি বলেন, 'বহু বছর ধরে ব্রিজটি এই অবস্থায় পড়ে রয়েছে। যদি কোথাও আগুন লাগে, তাহলে দমকলের গাড়ি পৌঁছাতে অনেক দেরি হওয়ার আশঙ্কা রয়েছে। এতে বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে।'

পেশায় শিক্ষক এক নিত্যযাত্রী বলেন, 'প্রায় পাঁচ বছর ধরে এই অবস্থা চলছে। বাস চলাচল বন্ধ থাকায় যাত্রীদের তিন চাকার ছোট গাড়িতে করে জঙ্গল পেরিয়ে যেতে হচ্ছে। যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ।'

এ প্রসঙ্গে জলপাইগুড়ি জেলা পরিষদের সহকারী সভাধিপতি সীমা চৌধুরী জানান, দ্রুত নতুন ব্রিজ নির্মাণের ব্যবস্থা করা হবে। তবে পূর্ত দপ্তরের আধিকারিকের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন ধরেননি।

এখন দেখার বিষয়, কবে এই গুরুত্বপূর্ণ ব্রিজের কাজ শুরু হয় এবং কবে এলাকাবাসীর দীর্ঘদিনের সমস্যা মেটে। নিত্যযাত্রী থেকে শুরু করে সমগ্র এলাকার মানুষ সেই দিকেই তাকিয়ে রয়েছেন।



*যে কোনও সময় ভেঙে পড়তে পারে এই সেতুটি। -সংবাদচিত্র*

■ ৪৬ বর্ষ ■ ৩৩৯ সংখ্যা, বুধবার, ১৫ বৈশাখ ১৪৩৩

# ভিন্ন ধর্মযুদ্ধে বাম

রামে ভোট যাওয়া ঠেকাতে পারেনি সিপিএম। ২০২৬-এর বিধানসভা নির্বাচনে সামান্য কিছু কেন্দ্রে পরিস্থিতির বদল ঘটেছে। দ্বিতীয় দফা নির্বাচনের শেষলগ্নে সেকারণে কার্যত 'নো ভোট টু বিজেপি' প্রচারের পথে হেঁটেছে দেশের বৃহত্তম বাম দলটি। তৃণমূলের 'গুন্ডারাজে'র অবসান চাইলেও দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বারবার বিজেপির বিপদ সম্পর্কে সতর্ক করেছেন। শেষপ্রচারে তিনি ছিলেন নদিয়ায়। সেখানে তাঁর ভাষণে দলের অবস্থান স্পষ্ট হয়ে গিয়েছে।

কট্টর বিজেপি বিরোধিতার পথে হাঁটার বহুবিধ কারণ আছে সিপিএমের। প্রথমত, আদর্শগতভাবে তৃণমূলের চেয়ে বিজেপির বড় শত্রু বামপন্থীরা। বিজেপির নিয়ন্ত্রক রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ভাবনায় তৃণমূলের চেয়ে বেশি বিপদ বাম মতাদর্শ। যে কারণে বিজেপি সবসময় বামেদের নির্মূল করতে চায়। যে কাজটা বাংলায় প্রথমত তৃণমূল করে ফেলেছিল। পরে তৃণমূলের সঙ্গে দ্বিমেরু রাজনীতি করে বামেদের উচ্ছেদ পাকাপোক্ত করে ফেলেছিল বিজেপি। সেই পরিস্থিতির তেমন বদল ঘটেনি।

দ্বিতীয়ত, সিপিএমের কাছে বড় বিপদ হল দলীয় সমর্থকদের ভোট ধরে রাখা। কারণ, সেই ২০১৪ থেকে বাম ভোট রামে যাওয়ার যে প্রবণতা তৈরি হয়েছিল, সিপিএম তাতে বাঁধ দিতে পারেনি। বরং ক্ষরণ বেড়েই চলেছে। ২০২৬-এর নির্বাচনে সেই ক্ষরণ বন্ধ দূরের কথা, কমার নিশ্চয়তা তেমন নেই। নীচুতলার কর্মীদের মানসিকতায় তৃণমূল কার্যত জাতশত্রু হয়ে উঠেছে। তাঁদের শাসন উচ্ছেদ করে তৃণমূলের ক্ষমতাসীন হওয়াকে এখনও অনেক সিপিএম নেতা হজম করতে পারেননি।

অথচ এই মানসিকতার বদল না ঘটলে সিপিএমের অস্তিত্বসংকট আরও বাড়ার সম্ভাবনা ষোলোআনা। দলকে প্রাসঙ্গিক রাখতে ভোট ধরে রাখা তাই জরুরি সিপিএমের কাছে। তৃতীয়ত, সিপিএম নেতৃত্ব ভালো করে বুঝতে পারছে, বিজেপি যদি বাংলায় ক্ষমতাসীন হওয়ার সুযোগ পায়, তাহলে তাদের অবস্থা আরও সঙ্গিন হয়ে উঠবে। মতাদর্শগত শত্রু সিপিএমকে নির্মূল করতে সরকারি শাসনযন্ত্রকে ব্যবহার করবে বিজেপি।

তৃণমূল সিপিএমের পঞ্চায়েত, পুরসভা বা বিধায়ক-সাংসদ কবজায় নিত। কিন্তু বিজেপি সিপিএমের মতাদর্শগত ভিত্তিতেই আঘাত হানবে। যেটা সামশেরগঞ্জের দাঙ্গা ও বাংলাদেশে হিন্দুদের ওপর অত্যাচারের পর শুধু তৃণমূল নয়, সিপিএমের হিন্দু ভোটব্যাংকে বড় ধাক্কা দিয়েছে। সিপিএমের অনেক নেতৃস্থানীয় হিন্দুও মুসলিম বিদ্বেষে গা ভাসিয়েছেন। তৃণমূলকে উচ্ছেদের নামে 'আগে রাম, পরে বাম' ভাবনা সিপিএমে এখনও সমানভাবে গতিশীল রয়েছে।

চতুর্থত, নির্বাচনি ময়দানে প্রাসঙ্গিক থাকতে না পারলে বাংলায় দ্বিমেরু রাজনীতি আরও জমাট বাঁধবে। তাতে সিপিএমের সংকট কয়েকগুণ বৃদ্ধি পাবে। নদিয়ায় মহম্মদ সেলিমের ভাষণ তাই অনেকদিক থেকে তাৎপর্যপূর্ণ। তাঁর সঙ্গে একই সুরে ভাষণ দিয়েছেন সিপিএমের যুব নেতা শতরূপ ঘোষ। তাতে স্পষ্ট, এই অবস্থান সিপিএম দলগতভাবেই গ্রহণ করেছে। তৃণমূলের 'অপশাসন' ও বিজেপির 'বিভেদকামী রাজনীতি'কে সমানভাবে আক্রমণ করলেও ভাষণে স্পষ্ট, সেলিম বিজেপিকে প্রধান প্রতিপক্ষ হিসেবে তুলে ধরতে চেয়েছেন।

স্পষ্ট ভাষায় নদিয়ায় সেলিম বিজেপিকে ভোট না দেওয়ার আহ্বান জানিয়েছেন। দলের কেন্দ্রীয় নেতৃত্বের তরফে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার ও সর্বভারতীয় মহিলা নেত্রী বৃন্দা কারাত এই লাইনই এবার প্রচার করে গিয়েছেন বাংলায়। তাঁদের সকলেরই বক্তব্যে 'তৃণমূলের কার্যকলাপে হতাশা' কিংবা 'লাগাতার নির্বাচনি বিপর্যয়ের কারণে বামপন্থীদের প্রতি মোহভঙ্গের প্রবণতা' সম্পর্কে ছিল সতর্কবার্তা।

দ্বিমেরু রাজনীতি ঠেকাতে বাম বিকল্পের ধারণাকে অন্তত দলীয় কর্মী-সমর্থকদের মধ্যে প্রতিষ্ঠিত করা যে ভীষণরকম দরকার, তা সিপিএম নেতৃত্ব বুঝতে পেরেছে। পঞ্চমত, এবারের নির্বাচনে গেরুয়া হাওয়া আঁচ করতে পেরেছে সিপিএম। সে কারণে ভোট প্রচারের শেষলগ্নে মহম্মদ সেলিম 'বিজেপিকে একটিও ভোট নয়' ধারণাকে প্রচারে এত মরিয়া ছিলেন। এই ভোট যেমন মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূলের কাছে অস্তিত্বের পরীক্ষা, তেমনভাবে সিপিএমের কাছেও। বিজেপিকে আটকানো এখন তাই সিপিএমের ধর্মযুদ্ধের মতো।

## অমৃতধারা

যে জিনিসটা দেখার পরিণাম মনের ওপর খারাপ হতে পারে বুঝছ, সেক্ষেত্রে চক্ষুকে সংবরণ কর। যেমন, একটা চিত্র রয়েছে। তুমি বুঝতে পারছ ওই চিত্রটা খারাপ। যদি দেখ মনের ওপর প্রভাব বেড়ে যাবে আর সে প্রভাব থেকে তুমি বাঁচবে না, যখন বুঝছ ওই চিত্রটা খারাপ তখন ওটা না দেখাই ভালো। এটা হল চক্ষুর সংবরণ। 'সাধু সোতেন সংবরো।' বুঝছ যে কোনও একটা খারাপ গান হচ্ছে বা খুব খারাপ আলোচনা হচ্ছে বা খুব খারাপ আলোচনা হতে পারে, তার আগে থেকেই কানটাকে সরিয়ে নাও। কারণ, খারাপ আলোচনা যখন কানে পৌঁছবে তখন তুমি তোমার মনকে আর নিয়ন্ত্রণ করতে পারবে না, কাজেই আগে থেকেই সতর্ক হয়ে যাও। এটা হল নিয়ন্ত্রণ।

শ্রীশ্রী আনন্দমূর্ত্তি

# স্টকহোম থেকে কোচবিহার এক অন্য মিশন

যুদ্ধবিধ্বস্ত পৃথিবীতে সুইডেন থেকে ভারতে এক ঐতিহাসিক শান্তি মিশনের অনন্য কাহিনী।

শৌভিক রায়



ঠিক এই মুহূর্তে শুধু ইরান-ইজরায়েল বা রাশিয়া-ইউক্রেন নয়, সুদান, ইয়েমেন, সিরিয়া, সোমালিয়া, নাইজিরিয়া সহ বিশ্বের অন্তত তিরিশটি জায়গায় নানা কারণে রক্তক্ষয়ী যুদ্ধ চলছে। যুদ্ধবিধ্বস্ত এই দেশগুলিতে কত মানুষ নিহত হয়েছেন, কত শিশু পরিবার হারিয়েছে তার হিসেবে নেই। এরকম এক দুর্বিষহ মুহূর্তে তাই বারবার মনে পড়ছে অ্যান্সগার মিশনের কথা, যার সঙ্গে জড়িয়ে আমাদের উত্তরের ছোট্ট এক জনপদ।

স্ক্যান্ডিনিভিয়ান মিশন ফ্লাইট উড়ান সংস্থার একটি উড়ানের নাম ছিল অ্যান্সগার। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিমানটি আমেরিকান এয়ারফোর্সের যুদ্ধসামগ্রী পরিবহণের কাজে ব্যবহৃত হত। সেটির নামকরণ হয়েছিল সেন্ট অ্যান্সগার-এর নামে। সেন্ট অস্কার নামেও পরিচিত, এই মানুষটি নবম শতকে সুইডেনে এসেছিলেন শান্তির বাণী প্রচার করতে। আর 'কিংডোম অফ গড'-এর দেশ সুইডেনের স্টকহোম থেকে, ১৯৪৬ সালের ২৪ মার্চ, অ্যান্সগার বিমানটি রওনা দিয়েছিল ভারতের উদ্দেশে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের অভিঘাতে তখন ইউরোপ জর্জরিত। পুরোনো রাষ্ট্র ভেঙে গিয়েছে। নতুন রাষ্ট্র সৃষ্টি হয়েছে। যুদ্ধের দামামা জীবনকে সম্পূর্ণ বদলে দিয়েছে। লালিত মূল্যবোধ, সংস্কার সব ভেঙে চুরমার। মানুষের মনোজগতে এসেছে এক বিপুল আলোড়ন। কিছুদিন আগে হিরোশিমার বুকে ফেলা আণবিক বোমা তছনছ করে দিয়েছে সব। ইউরোপ, এশিয়াজুড়ে যুদ্ধের ক্ষতচিহ্ন দগদগে ঘায়ের মতো দেখা যাচ্ছে।

যুগ সন্ধিক্ষণের সময়ে তাই এই আকাশযাত্রা ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বিশেষ করে, যুদ্ধের কাজে ব্যবহৃত একটি উড়োজাহাজকে, শান্তির বাণী প্রচারকারী এক বিশেষ দূতের নামে নামাঙ্কিত করার মধ্যে দিয়ে মিশনারিরা তাঁদের উদ্দেশ্য বুঝিয়ে দিয়েছিলেন। আর মিশনের গন্তব্য হিসেবে ভারতকে বেছে নেওয়ার পেছনেও ছিল এক বিশেষ উদ্দেশ্য। কেননা একমাত্র ভারত-ই প্রতি যুগে অহিংসা ও শান্তির কথা বলে এসেছে।

যাত্রা শুরুর সেই দিনটিতে স্টকহোমের বিমানবন্দরে বেশ ভিড়। শান্তির বাণী প্রচার করতে যে ছয়জন প্রাপ্তবয়স্ক আর তিনজন শিশু মাতৃভূমির নিশ্চিন্ত আরাম ও সুরক্ষা ছেড়ে এতদূর পাড়ি দিতে চলেছেন, তাঁদের এক ঝলক দেখতে চেয়েছিলেন সকলেই। সকাল ৮টায় আকাশে উড়েছিল ফ্লাইট অ্যান্সগার। দক্ষিণে উড়ে যেতে যেতে জানলা দিয়ে যাত্রীরা দেখেছিলেন, বসন্তের জন্য অপেক্ষা করে আছে সুইডেনের অরণ্য, মাঠ, লেক, গ্রাম ও শহর। কিন্তু যুদ্ধের তাণ্ডবে বসন্তের চেনা সুর যেন উধাও। সকাল সাড়ে ১০টায় ডেনমার্কের কোপেনহেগেনে যখন উড়ান নামল, তখন সেখানেও প্রচুর সংখ্যক মানুষ উপস্থিত। সমবেত সংগীতে তাঁরা শান্তি মিশনকে উদ্বুদ্ধ করেছিলেন।

নেদারল্যান্ডসের আকাশে যখন অ্যান্সগার প্রবেশ করল, মিশনারিরা মুগ্ধ হয়ে গেলেন। সৌজন্যে সেখানকার সুন্দর প্রকৃতি। আকাশ থেকেও সেটা দেখা যাচ্ছিল। কিন্তু সর্বত্রই বিশ্বযুদ্ধের ক্ষয়ক্ষতির চিহ্ন এতটাই যে, মন খারাপ হয়ে গিয়েছিল সবার। উইন্ডমিল ছাড়া গ্রামগুলিকে চেনা যাচ্ছিল না। জার্মানরা এক বিধ্বংসী বন্যার কবলে ফেলেছিল নেদারল্যান্ডসকে। মাইলের পর মাইল অনুর্বর ভূমি ছিল তার প্রমাণ। আমস্টারডামে নেমে মিশনারিরা পেলেন বিপুল সংবর্ধনা। তাঁদের ধন্যবাদ জানাতে দলে দলে সেই দেশের মানুষরা বিমানবন্দরে এসেছিলেন। আসলে দ্বিতীয় বিশ্বযুদ্ধে সুইডেনের সাহায্য তাঁরা ভোলেননি।

প্রকৃতি বদলে গেল ফ্রান্সে। সমতলের পরিবর্তে পাহাড় আর উপত্যকা বেশি পরিমাণে দেখা গেল। তবে অরণ্য, জঙ্গল, গ্রাম, শহর সবেতেই যুদ্ধের চিহ্ন। বরফে ঢাকা আল্পস যখন দেখলেন তাঁরা, তখন সূর্য পশ্চিমে অস্ত যাচ্ছে। ফলে আল্পস লাগছে 'Bride with her Brides-maid'-এর মতো। ভূমধ্যসাগরও দেখা গেল। আর তাঁদের প্রথম দিনের যাত্রা থামল মার্সেইলে। সেখানেই সেদিন তাঁদের রাত্রিবাস। দুটি লরিতে চেপে মিশনারিরা সিটি সেন্টারে পৌঁছালেন। দুর্ভাগ্য তাঁদের সঙ্গে স্থানীয় কোনও মানুষের যোগাযোগ হল না। যুদ্ধ বদলে দিয়েছিল ফ্রান্সের পরিচিত অত্যন্ত ভদ্র সাধারণ মানুষগুলিকে।

দ্বিতীয় দিন, ভূমধ্যসাগর উপকূল ধরে নেপলসে পৌঁছে মিশনারিদের মন অত্যন্ত খারাপ হয়ে গেল। এত সুন্দর একটি শহর তখন ভগ্নপ্রায়। যুদ্ধ তার বিষাক্ত থাবায় সব শেষ করে দিয়েছে। একই অবস্থা ছবির মতো সুন্দর ঐতিহাসিক এথেন্স শহরেরও। তবে দক্ষিণ ইউরোপের প্রকৃতি তাঁদের আনন্দ দিয়েছিল। কেননা সেই সময়ে সেখানে তখন বসন্ত আসছে। ফলে, প্রকৃতিতে সাজোসাজো রব। যুদ্ধের বধ্যভূমিতে সেটিই ছিল নবজীবনের একমাত্র প্রতীক।

সেদিনই ক্রিট ও আলেক্সান্দ্রিয়া হয়ে অ্যান্সগার পৌঁছাল কায়রোতে। ততক্ষণে অন্ধকার ঘনিয়ে গিয়েছে। মরুভূমির মাঝে বিমানবন্দরের লাল ও সবুজ আলোর সংকেত হিরের মালার মতো দেখাচ্ছিল। কায়রোতে দু'দিন জনসংযোগ করেছিলেন মিশনারিরা। দেখেছিলেন বিখ্যাত পিরামিড ও মিউজিয়াম।

দু'দিন পর তাঁরা সুয়েজ ক্যানালের ওপর দিয়ে হেবরেন হয়ে বেথেলহেলেম পৌঁছালেন। তাঁদের তখন স্বাভাবিকভাবেই মনে পড়ছে যিশুখ্রিস্টের কথা। প্রেমের বাণী প্রচার করে যে মানুষটিকে ক্রুশবিদ্ধ হতে হয়েছিল, তাঁর কথা ভেবে সকলেই আবেগপ্রবণ হয়ে পড়েছিলেন। জিশুকে স্মরণ করে আবারও সকলে শপথ নিয়েছিলেন, শান্তির বাণী প্রচার করাই হবে তাঁদের জীবনের লক্ষ্য। অবশেষে জেরুজালেম ও জেরিকো হয়ে তাঁরা এলেন বাগদাদে। কিন্তু সেখানে তেমন কোনও আপ্যায়ন পেলেন না। ফলে তেল ভরে উড়ে গেলেন পারস্য উপসাগরের দক্ষিণ তীরের চার্জাতে।

শেষদিনে, প্রচণ্ড উত্তেজনা নিয়ে তাঁরা যখন করাচি পৌঁছালেন, তাঁদের কিন্তু সেখানে নামতে দেওয়া হল না। আরও পশ্চিমে যাওয়ার নির্দেশ এল। শেষ পর্যন্ত অ্যান্সগার নামল 'বোম্বে'-তে। মিশনারিদের ইচ্ছে ছিল তাঁরা সেদিনই ভারতের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়বেন। কিন্তু এয়ারপোর্টের মেডিকেল অফিসার তাঁদের সেই অনুমতি দিলেন না। ভয় ছিল, ইউরোপ থেকে তাঁরা পীতজ্বরের জীবাণু নিয়ে এসেছেন। ফলে নয়দিন সবাইকে কোয়ারান্টিনে থাকতে হল।

রিজার্ভেশন করে বোম্বে থেকে এলাহাবাদ হয়ে কলকাতার ট্রেন ধরেছিলেন মিশনের অন্যতম কর্তা রেভারেন্ড ব্রান্ডট। কিন্তু অত্যধিক ভিড়ে সেদিনও রিজার্ভেশনের আলাদা সুবিধে পাননি মিশনারিরা। কলকাতায় পৌঁছে, দুইদিন শান্তির বাণী প্রচার করে, ১৮ এপ্রিল কোচবিহারে এলেন রেভারেন্ড ব্রান্ডট ও তাঁর সঙ্গীরা। সেই সময় রেলপথ আজকের বাংলাদেশের ভেতর দিয়ে ছিল। দেওয়ানহাটে তাঁদের স্বাগত জানাতে উপস্থিত ছিলেন তদানীন্তন কোচবিহার সুইডিশ মিশন স্কুলের প্রধান শিক্ষক সহ ছাত্র ও অন্য শিক্ষক-শিক্ষাকর্মীরা। রেভারেন্ড ব্রান্ডট ছিলেন কোচবিহার সুইডিশ মিশনের প্রধান ব্যক্তি। কোচবিহার তথা ভারত তাঁর অচেনা ছিল না। কিন্তু ১৯৪৬ সালের সেই যাত্রা ছিল তুলনায় একেবারেই আলাদা। এই সফরকে তিনি যে খুব উপভোগ করেছিলেন, সেটি বোঝা যায় তাঁর বক্তব্য থেকে- If I was asked to choose between a safe ride in bullock-cart and risky flight in a modern aeroplane, I would certainly choose the latter, at least from Sweden to India.

যুদ্ধবিধ্বস্ত পৃথিবীতে সেদিন এভাবেই এক হয়ে গিয়েছিল স্টকহোম আর কোচবিহার। আজ যখন বিশ্বের প্রায় সর্বত্র রণদামামা চলছে, তখন মনে হয় সেন্ট অ্যান্সগারের মতো শান্তির দূতদের আরও বেশি প্রয়োজন। দরকার সেদিনের মিশনারিদের মতো শান্তি যাত্রার। তাহলেই হয়তো একদিন একসূত্রে গেঁথে যাবে পৃথিবীর সব প্রান্ত। তাহলেই আর কোনও মায়ের কোল খালি হবে না, সব হারিয়ে কোনও শিশু অসহায় বসে থাকবে না খোলা আকাশের নীচে।

*(লেখক শিক্ষক। কোচবিহারের বাসিন্দা।)*
*তথ্যসূত্র : 'সাধনা', সুইডিশ মিশন, ১৯৪৬-এ প্রকাশিত 'এ ফ্লাইট ফ্রম সুইডেন : রেভারেন্ড এ. ডব্লিউ. ব্রান্ডট' প্রতিবেদন।*



*শান্তির উদ্দেশ্যে।। যাত্রা শুরুর আগে স্ক্যান্ডিনিভিয়ান মিশন ফ্লাইট।*

**১৯৪৬ সালের বসন্তে স্টকহোম থেকে যাত্রা শুরু করেছিল শান্তিদূত সেন্ট অ্যান্সগারের নামে নামাঙ্কিত এক বিশেষ বিমান। দ্বিতীয় বিশ্বযুদ্ধের দগদগে ক্ষতের ওপর প্রলেপ দিতে সেই যাত্রার গন্তব্য ছিল অহিংসার দেশ ভারত। যুদ্ধবিধ্বস্ত ইউরোপ ও মধ্যপ্রাচ্য পেরিয়ে নানা বাধাবিপত্তি জয় করে শেষ পর্যন্ত সেই মিশনের প্রতিনিধিরা পৌঁছেছিলেন কোচবিহারের দেওয়ানহাটে। বর্তমানের উত্তাল বিশ্ব পরিস্থিতিতে সেই ঐতিহাসিক শান্তি মিশনের গুরুত্ব ও প্রাসঙ্গিকতা নতুন করে ভাবিয়ে তোলে আমাদের। যুদ্ধ নয়, বরং সম্প্রীতির পথেই যে পৃথিবীর মুক্তি— সে কথাই মনে করিয়ে দেয় এই মিশন।**

## আজ

### ১৯১৯




ওস্তাদ আল্লারাখা খাঁ জন্মগ্রহণ করেন আজকের দিনে।

### ২০২০



আজকের দিনে প্রয়াত হন অভিনেতা ইরফান খান।

## আলোচিত



তৃণমূল নেতাদের অনেকে বিজেপির সঙ্গে যোগাযোগ শুরু করেছে। যাঁরা যাঁরা হারবেন, তাঁরাই বিজেপির হাত-পা ধরে আগামীদিনে টিকে থাকতে এই পরিকল্পনা করছেন। টাকা-পয়সা কামানোর ব্যবস্থা পাকাপাকি করতে এইসব নেতারা ভাবছেন, আর তৃণমূল করে লাভ নেই। তাই বিজেপিতে যাওয়ার ব্যবস্থা পাকা হচ্ছে।

-অধীর চৌধুরী

## ভাইরাল/১



অটোগ্রাফ না পেয়ে খুদে ভক্তের কান্না ভাইরাল। হোটেলের বাইরে ব্যাট হাতে সে অপেক্ষা করছিল বিরাট কোহলির সই নিতে। বিরাট পৌঁছোলে সে চিৎকার করতে শুরু করে। আওয়াজ বিরাটের কানে পৌঁছোয়নি। কাঁদতে কাঁদতে খুদে ভক্ত ব্যাটটি ছুড়ে দেয়।

## ভাইরাল/২



রামেশ্বরমের রামানাথস্বামী মন্দিরের জলাশয়ে হাতির জলকেলি। রোদ থেকে বাঁচতে মন্দিরের হাতি রামালক্ষ্মী জলে শরীর ডুবিয়ে বসে আছে। মাহুত এবং অন্যরা তাকে স্নান করিয়ে দিচ্ছেন। সেও শুঁড় দিয়ে জল ছিটিয়ে স্নান উপভোগ করছে। হাতিটির জন্যই কৃত্রিম পুলটি তৈরি করা হয়েছিল।

জনমন
জনমত

# নির্বাচনি ইস্তাহারে 'কর্মসংস্থান' যেন অবলুপ্ত

পশ্চিমবঙ্গের নির্বাচিন রাজনীতিতে আজ এক গভীর নীরবতা কাজ করছে। এই নীরবতার নাম কর্মসংস্থান। ভোট আসে, ভোট যায়, সরকার বদলায়, স্লোগান বদলায়, কিন্তু বেকারের ভাগ্য বদলায় না। প্রায় এক দশক ধরে পশ্চিমবঙ্গে বড় মাপের নিয়োগ প্রায় স্তব্ধ। শিক্ষক নিয়োগ থেকে সরকারি চাকরি- সব ক্ষেত্রেই অনিশ্চয়তা, বিতর্ক ও স্থবিরতা যেন নিয়মে পরিণত হয়েছে।

২০২৬ সালের বিধানসভা নির্বাচনও সেই পুরোনো প্রশ্নের সামনে দাঁড় করিয়েছে আমাদের- কোথায় চাকরি? ২৩ ও ২৯ এপ্রিল দ্বিতীয় দফায় নির্বাচন, রেজাল্ট ৪ মে। প্রথম দফার ভোট শেষ। অথচ বিস্ময়করভাবে কোনও বড় রাজনৈতিক দলের নির্বাচিন ইস্তাহারে তরুণসমাজের কর্মসংস্থান নিয়ে সুস্পষ্ট রূপরেখা নেই। আছে শুধু ভাতা রাজনীতি- লক্ষ্মীর ভাণ্ডার, যুবসাথী, রূপশ্রী, কন্যাশ্রী, অন্নপূর্ণা ভাণ্ডার- আরও কত কী! যেন নাগরিক আর কর্মপ্রত্যাশী নয়, শুধু ভাতানির্ভর ভোটার।

চাকরি কেন আজ নির্বাচিন রাজনীতি থেকে নির্বাসিত? কারণ কর্মসংস্থান একটি কঠিন রাজনৈতিক প্রশ্ন, এর উত্তর দিতে হয় শিল্পনীতি, শিক্ষা, পরিকাঠামো, বিনিয়োগ, দক্ষতা উন্নয়ন নিয়ে। ভাতা দেওয়া সহজ, কর্মসংস্থান তৈরি কঠিন। ভাতা তাৎক্ষণিক ভোট আনে, চাকরি দীর্ঘমেয়াদি নীতি দাবি করে। ফলে রাজনীতি সহজ পথ বেছে নিয়েছে।

শুধু পশ্চিমবঙ্গ নয়, সমগ্র ভারতেই আজ উন্নয়নের রাজনীতি অনেকাংশে ইনসেনটিভ পলিটিক্সে রূপান্তরিত। নাগরিক অধিকার ধীরে ধীরে সুবিধাভোগে পর্যবসিত হচ্ছে। যেন রাষ্ট্র বলছে- চাকরি চাইবে না, ভাতা নাও।

সবচেয়ে উদ্বেগের বিষয়, বেকারত্বের প্রশ্নটিকে সমাজও যেন স্বাভাবিক বলে মেনে নিচ্ছে। নির্বাচিন প্রচারে ধর্ম, পরিচয়, ভাতা, প্রতিশ্রুতি- সবই আছে, নেই তরুণের ভবিষ্যৎ। জবস হ্যাভ বিন কিকড আউট অফ ইলেক্টোরাল পলিটিক্স। কারণ বেকার তরুণের ক্ষোভকে রাজনীতি সংগঠিত প্রশ্নে রূপ নিতে দেয়নি।

উন্নয়নের রাজনীতি কি তাহলে মৃত? না, এখনও নয়- যদি ভোটার প্রশ্ন করতে শেখে। যদি ইস্তাহারে ভাতা নয়, কর্মসংস্থানের রূপরেখা দাবি করে। যদি তরুণসমাজ 'কত টাকা পাব' নয়, 'কত কাজ হবে' জিজ্ঞাসা করে।

ভোট আসবে, যাবে, স্লোগান বদলাবে, নতুন নতুন প্রকল্প আসবে। কিন্তু সমাজ যদি তার তরুণদের হাতে কাজ না তুলে দিতে পারে, তবে সেই সমাজের অগ্রগতি কাগজে লেখা থাকে, বাস্তবে নয়। ভাতা মানুষের বেঁচে থাকা নিশ্চিত করতে পারে, কিন্তু কর্মসংস্থানই তাকে নাগরিক মর্যাদা দেয়। পশ্চিমবঙ্গের রাজনীতিকে আবার উন্নয়ন, শিল্প ও চাকরির প্রশ্নে ফিরতেই হবে। নইলে 'ভোট আসে যায়, কিন্তু বেকাররা বেকারই থেকে যায়'— এই বাক্য শুধু হতাশা নয়, বাংলার রাজনৈতিক ট্র্যাজেডির দলিল হয়ে থাকবে।

**মিন্টু পাল, বালুরঘাট।**

# রাজনীতির ময়দানে ডায়মন্ড বনাম মেসি

১৯৯৭-এর ঐতিহাসিক ডার্বির ছকে সাজানো হয়েছে এবারের হাই ভোল্টেজ বিধানসভা নির্বাচনের সম্পূর্ণ রণকৌশল।

তন্ময় সিংহ



নব্বইয়ের দশকের ফুটবল ময়দানে কিংবদন্তি কোচ অমল দত্ত প্রবর্তিত 'ডায়মন্ড সিস্টেম' আজও ক্রীড়াপ্রেমীদের কাছে এক রোমাঞ্চকর স্মৃতি। ১৯৯৭-এর সেই ঐতিহাসিক ডার্বিতে পিকে বন্দ্যোপাধ্যায়ের প্রশিক্ষণাধীন ইস্টবেঙ্গল যেভাবে বাইচুং ভুটিয়ার হ্যাটট্রিকে ডায়মন্ড সিস্টেমকে ৪-১ ফলে চূর্ণ করেছিল, ২০২৬-এর বিধানসভা নির্বাচনের প্রেক্ষাপটে সেই ফুটবলীয় লড়াইকেই ফিরিয়ে এনেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। শাসকদলের মতে, এবারের লড়াই আসলে বিজেপির সাজানো 'ডায়মন্ড সিস্টেম' বনাম তৃণমূলের 'মেসি' অর্থাৎ মমতা বন্দ্যোপাধ্যায়ের ব্যক্তিগত ক্যারিশমা। মাঠের ফুটবল ম্যাচের মতো এবারের নির্বাচনও স্বাধীনতার পরবর্তীকালে সর্বাধিক মানুষের অংশগ্রহণে এক রেকর্ড ভাঙা মুহূর্ত হতে চলেছে, যেখানে চতুর্থবারের মতো বিজয়ী শিরোপা ছিনিয়ে নিতে মরিয়া ঘাসফুল শিবির।

২০২৬-এর এই নির্বাচন পশ্চিমবঙ্গের ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ হতে চলেছে, সে বিষয়ে কোনও সংশয় নেই। তবে এসআইআর-এর জেরে কয়েক লক্ষ মানুষের ভোটাধিকার হারানো নিয়ে জনমানসে প্রবল উদ্বেগের সৃষ্টি হয়েছে। যদিও নির্বাচন কমিশন এখন পর্যন্ত বড় কোনও হিংসা ছাড়াই আইনশৃঙ্খলা বজায় রাখতে সক্ষম হয়েছে, তবুও কেন্দ্রীয় সংস্থাগুলির অতি-সক্রিয়তা নিয়ে প্রশ্ন উঠছে। মূলত দুই যুযুধান পক্ষের এই হাই ভোল্টেজ ম্যাচে সাংবিধানিক অধিকার রক্ষা আর ক্ষমতার পালাবদলের লড়াই সমান্তরালভাবে প্রবহমান।

বিজেপির 'ডায়মন্ড সিস্টেম'-এ প্রধান ফরওয়ার্ড বা চিমা ওকোরির ভূমিকায় অবতীর্ণ স্বয়ং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বাঙালি আবেগ আর মৎস্য-সংস্কৃতিকে সঙ্গী করে তিনি এবার মুখ্যমন্ত্রীকে সরাসরি ব্যক্তিগত আক্রমণ থেকে সচেতনভাবে বিরত থাকছেন। মাঝমাঠের অদৃশ্য নিয়ন্ত্রক হিসেবে কেন্দ্রীয় এজেন্সি বা নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে যে অভিযোগ শাসকদল তুলছে, তা ম্যাচের গতিপ্রকৃতি বদলে দিতে পারে বলে মনে করা হচ্ছে। বিজেপির রক্ষণে অতন্দ্র প্রহরীর মতো দায়িত্ব সামলাচ্ছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা এবং যোগী আদিত্যনাথ বা হিমন্ত বিশ্বশর্মার মতো হিন্দুত্বের আইকনরা। আর গোলরক্ষকের বিশ্বস্ত গ্লাভস হাতে দাঁড়িয়ে আছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, যিনি একাই বিজেপির বঙ্গীয় মুখ হিসেবে নিজের দাবি সুনিশ্চিত করেছেন।

পালটা লড়াইয়ে তৃণমূল কংগ্রেসের রক্ষণভাগকে মজবুত করেছে 'ডোল' রাজনীতির শক্তিশালী ব্যূহ। লক্ষ্মীর ভাণ্ডার বা আবাস যোজনার মতো প্রকল্পগুলি এখানে পিকে বন্দ্যোপাধ্যায়ের সেই দুর্ভেদ্য রক্ষণের মতো কাজ করছে। দলের তাত্ত্বিক ভরকেন্দ্র 'আইপ্যাক'-এর ওপর কেন্দ্রীয় সংস্থার আঘাত আসার পর গোলরক্ষকের গুরুদায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। মাঝমাঠে সায়নী ঘোষের মতো যুব নেত্রীদের জনপ্রিয়তা এবং রাজ্যের নারী ও সংখ্যালঘু ভোটব্যাংক তৃণমূলের অন্যতম চালিকাশক্তি। এছাড়া সংগঠনের মজবুত বুথ ম্যানেজমেন্ট ব্যবস্থা তাদের বিজেপির তুলনায় এগিয়ে রাখছে। আক্রমণে ফরওয়ার্ড লাইনে দেবের মতো সুপারস্টার এবং মহুয়া মৈত্র বা ইউসুফ পাঠানের মতো বাগ্মী সাংসদদের উপস্থিতি শাসক শিবিরকে আলাদা অক্সিজেন দিচ্ছে।

শেষপর্যন্ত সব আলোচনা গিয়ে থামছে সেই 'মেসি ফ্যাক্টর'-এই। সত্তরের গণ্ডি পেরিয়েও মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে প্রতিকূল আবহাওয়া উপেক্ষা করে ২৯৪টি আসনে একাই লড়াই চালিয়ে যাচ্ছেন, তা বিরোধীদের কপালে চিন্তার ভাঁজ ফেলেছে। দুর্নীতি বা অপশাসনের অভিযোগের মুখেও তাঁর ব্যক্তিগত স্বচ্ছ ভাবমূর্তিই তৃণমূলের প্রধান রক্ষাকবচ। বিজেপি এবার মেসি-ম্যাজিক রুখতে মৌনব্রত পালন করলেও, সাধারণ মানুষের আস্থাই শেষ কথা বলবে। অমল দত্তর সেই অপরাজেয় ডায়মন্ড সিস্টেম কি এবারও বাইচুং-সুলভ কোনও ম্যাজিকে পরাস্ত হবে, নাকি ইতিহাসের চাকা অন্য পথে ঘুরবে- তার চূড়ান্ত উত্তর পেতে এখন কেবল কয়েকদিনের অপেক্ষা।

*(লেখক জনমত সমীক্ষার কাজের সঙ্গে যুক্ত।)*



*পাঁশকুড়ায় ভোটগ্রহণ। -ফাইল চিত্র*

## শব্দরঙ্গ ■ ৪৪৩২

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ★ | ২ | | ৩ | | ★ | ৪ |
| ৫ | | | ★ | | ★ | ★ | |
| | ★ | ★ | ৬ | | ৭ | | |
| | ★ | ৮ | | ★ | | ★ | ★ |
| ★ | ★ | | ★ | ৯ | | ★ | ১০ |
| ১১ | | | ১২ | | ★ | ★ | |
| | ★ | ★ | | ★ | ১৩ | | |
| | ★ | ১৪ | | | | ★ | |

**পাশাপাশি :** ২। ধ্বংস ৫। গোলাকার ৬। নিজের খিদে মেটানোর মতো যার সম্বল নেই ৮। আসল নয় কিন্তু মাছ ধরতে লাগে ৯। সাধারণ জনতা অথবা ফলের নাম ১১। বাদানুবাদ ১৩। কখনও নয় ১৪। চড়াই পাখির অন্য নাম।

**উপর-নীচ :** ১। কার্তিকের স্ত্রী ২। মুহূর্ত বা নিমেষ ৩। বাঁদর অথবা পোকা ৪। প্রদীপ জ্বালাতে লাগে ৬। সাম্প্রতিক বিষয় ৭। যে ঘরে পুরুষদের ঢোকা বারণ ৮। পাচক বা হজমি ৯। জমির সীমানা বা মৌমাছির হুল ১০। ভিড়ের চাপে আহত ১১। যে ফন্দি আঁটে ১২। পাকা খোলা জায়গা ১৩। অজ্ঞাতবাসে যুধিষ্ঠিরের ছদ্মনাম।

### সমাধান ■ ৪৪৩১

**পাশাপাশি :** ১। অন্তর্লীন ৩। বিক্রম ৫। দরবিগলিত ৬। লহর ৭। কোফতা ৯। দণ্ডাধিকরণ ১২। কড়ার ১৩। ইন্দিবর।

**উপর-নীচ :** ১। অয়োমল ২। নফর ৩। বিরাগ ৪। মন্দ্রিত ৫। দর ৭। কোণ ৮। তালেবর ৯। দত্তক ১০। ধিক্কার ১১। রসুই।

## বিন্দুবিসর্গ




সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012 and Postal Regn. No. WB/DE/010/2024-26. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in



জলপাইগুড়ি ইন্ডোর গেম প্লেয়ার্স অ্যাসোসিয়েশন আয়োজিত আবৃত্তি প্রতিযোগিতায় ‘ক’ বিভাগে তৃতীয় হয়েছে সারদা শিশুতীর্থ স্কুলের দ্বিতীয় শ্রেণির ছাত্র নীলাদ্রি দাস।



# ধানহাটিতে শৌচকর্ম, দুর্গন্ধে টেকা দায়

**বাণীব্রত চক্রবর্তী**



*ধান কেনাবেচার বাজারেই শৌচকর্ম।*

**ময়নাগুড়ি, ২৮ এপ্রিল :** ময়নাগুড়ি নতুন বাজারে মঙ্গলবার ও শুক্রবার সপ্তাহে এই দু’দিন হাটে ধানের পাইকারি বাজার বসে। পুরসভার তত্ত্বাবধানে নতুন বাজার কিষান মান্ডির ভেতরে একটি সুনির্দিষ্ট জায়গায় বাজারটি বসে। বহু দূরদূরান্তের কৃষকরা তাঁদের উৎপাদিত ধান নিয়ে হাটে হাজির হন। ব্যবসায়ীরা সেই ধান কেনেন। কিষান মান্ডির ভেতরেই একটি আবর্জনার ফেলার ভ্যাট রয়েছে। এদিন সেখানে গিয়ে দেখা গেল সেখান থেকে আবর্জনা উপচে পড়ছে। এছাড়া এখানে এসে এলাকার অধিকাংশ মানুষ শৌচকর্ম সারেন। ফলে দুর্গন্ধে ক্রেতা-বিক্রেতাদের বাজারে টেকা দুষ্কর হয়ে উঠেছে। পুর কর্তৃপক্ষের দাবি, শীঘ্রই বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে। পুরসভার ভাইস চেয়ারম্যান সোমেশ সান্যাল বলেন, ‘জায়গাটি পরিষ্কার-পরিচ্ছন্ন করে একটি নিকাশিনালা নির্মাণের পরিকল্পনা রয়েছে। ভোট পরবর্তী সময়ে খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে। সেই সময় শৌচাগারের পরিস্থিতি খতিয়ে দেখা হবে।’

সাপ্তাহিক হাটের দিন বাদে এই জায়গাটি মূলত ফাঁকাই পড়ে থাকে। সে কারণে বাজারে আসা কতিপয় মানুষ শৌচকর্ম সারতে এই জায়গাকে বেছে নিয়েছেন। ধান ব্যবসায়ী পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মণীশ রায়ের কথায়, ‘এখানেই আমার চেম্বার। দুর্গন্ধে বসে থাকতে থাকতে অসুখবিসুখ ধরে গিয়েছে। ব্যবসায়ী সমিতি ও কাউন্সিলারকে সমস্যার কথা জানিয়েছি।’ কাউন্সিলার অমিতাভ চক্রবর্তীর দাবি, সমস্যার বিষয়ে বিস্তারিতভাবে পুরসভায় জানানো হয়েছে।

দক্ষিণ খাগড়াবাড়ির কৃষক রবি দাস মঙ্গলবার ও শুক্রবার ধান নিয়ে হাটে আসেন। কিন্তু দুর্গন্ধে এখানে দাঁড়িয়ে থাকতে পারেন না। কর্তৃপক্ষের কোনও নজরদারি নেই বলেও তিনি অভিযোগ তুলেছেন। সহমত পোষণ করে পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ব্যবসায়ী লোটন রায়ের বক্তব্য, ‘আমরা ধান কেনাবেচা করছি সেইসময় লোকজন এসে সারি দিয়ে শৌচকর্ম সারছেন। দুর্গন্ধে পেট গুলিয়ে উঠছে। এনিয়ে মাঝেমধ্যেই ব্যবসায়ীদের সঙ্গে শৌচকর্ম সারতে আসা মানুষের বাগবিতণ্ডা লেগে থাকে। তাও কারও কোনও পরোয়া নেই।’

হাটের দু’দিন এখানে কয়েক হাজার ক্রেতা ও বিক্রেতার সমাগম হয়। দীর্ঘ সময় ধরে কেনাবেচা চলে। দুর্গন্ধ হলেও তা উপেক্ষা করেই ক্রেতা-বিক্রেতাদের থাকতে হয়। নতুন বাজার ওয়েলফেয়ার ব্যবসায়ী সমিতির সম্পাদক সিদ্ধার্থ সরকারের মতে, ‘শৌচাগার থাকলেও তা ব্যবহারযোগ্য নয়। বারবার সতর্ক করে দেওয়া সত্ত্বেও ধানের হাটে গিয়ে সকলে শৌচকর্ম সারছেন। এটি অত্যন্ত নিন্দনীয় ও কুরুচিপূর্ণ ঘটনা। দুর্গন্ধে ওখানে যাওয়াই যায় না। চতুর্দিকে আবর্জনা ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। অথচ ওটাই ধান কেনাবেচার একমাত্র বাজার।’

## অর্ডার না পেয়ে ভিন্ন পেশায় স্বর্ণ কারিগররা

# আকাশছোঁয়া দর ও ব্র্যান্ডের দাপট

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** বিয়ের মরশুম চলছে। অথচ তেমন অর্ডার পাননি স্বর্ণশিল্পীরা। ফলে সংসার চালাতে গিয়ে বিপাকে পড়েছেন তাঁরা। এই অবস্থায় তাঁদের মধ্যে বাড়ছে হতাশা। কেউ কেউ পেশা পরিবর্তন করে টোটো চালাচ্ছেন বা মুদির দোকান করছেন। এমন অবস্থা শুধু এই বিয়ের মরশুমেই নয়, কয়েক মাস ধরেই।

বর্তমানে জলপাইগুড়িতে ১০ গ্রাম সোনার দাম ঘোরাফেরা করছে ১ লক্ষ ৪১ হাজার টাকার আশপাশে। বিয়ের মরশুমে আমজনতা যে খুব একটা সোনার গয়না তৈরি করাচ্ছেন না, তা নয়। তবে তা সংখ্যায় খুবই কম। অন্তত এমনটাই বলছেন জলপাইগুড়ি শহরের স্বর্ণ কারিগররা।

এই পরিস্থিতিতে সোনার কাজ না পেয়ে কারিগরি ব্যবসা ছেড়ে টোটো চালানোর পথ বেছে নিয়েছেন পান্ডাপাড়ার বাসিন্দা দিলীপ সূত্রধর। তাঁর কথায়, ‘বেশকিছু বছর ধরে আমাদের কাজের চাহিদা কমতে শুরু করেছে। কিছু কাজ যাও বা আসত, করোনা ও পরবর্তীতে বড় ব্র্যান্ডের দোকানগুলো খুলে যাওয়ায় সেই কাজও বন্ধ হয়ে গিয়েছে। ব্যবসায়ীরাও আমাদের ওপর ভরসা করা ছেড়ে বাইরে থেকে রেডিমেড গয়না আনা শুরু করেছেন। সংসার তো চালাতে হবে, তাই বাড়ির সামনে মুদির দোকান দিয়েছি। আমার মতো অনেকে টোটো-রিকশা চালাচ্ছেন। অনেকে আবার ভালো দিনের আশায় এই কাজে রয়েছেন।’

সোনার গয়না যতই সকলের পছন্দ হোক না কেন, দামের বিষয়টি মাথায় রেখে অনেকেই পেপার গোল্ড কিংবা হালকা সোনার দিকে ঝুঁকছেন। কেউ বা মায়ের পুরোনো গয়না ভেঙে নতুন করে গড়াচ্ছেন। যেমন পান্ডাপাড়ার অঙ্কিতা রায়ের সামনেই বিয়ে। বললেন, ‘নতুন গয়না কেনার ক্ষমতা নেই। তাই মায়ের পুরোনো কিছু গয়নাই ভেঙে নতুন করে গড়িয়ে নিয়েছি।’ মানুষজন হালকা ধরনের গয়না কিনতেই পছন্দ করছেন বলে জানালেন স্বর্ণ ব্যবসায়ী সমিতির সম্পাদক তথা সোনার দোকানি বিকাশ দাস। তাঁর বক্তব্য, ‘বিগত কিছু দিনে সোনার দাম কিছুটা কমেছে ঠিকই, কিন্তু লোকে হালকা ধরনের গয়না কিনছেন। কিন্তু এই হালকা গয়না বানানোর কারিগর খুব কম রয়েছেন। ফলে কলকাতা থেকেই সেগুলো আনা হয়। ভারী গয়নার অর্ডার থাকলে সেগুলো আমরা এখানেই কারিগর দিয়ে তৈরি করাই। কিন্তু সেই অর্ডারের পরিমাণ আগের থেকে কম।’

শহরের প্রায় দু’-আড়াই হাজার কারিগরের মধ্যে প্রায় ২০ শতাংশ কারিগর কাজ ছেড়ে টোটো, কৃষিকাজ, সবজি বিক্রি কিংবা অন্য কাজ করছেন। কিন্তু এই অবস্থা কেন? উত্তর খুঁজতে কেউ কেউ বিশ্ব বাজারে আর্থিক মন্দার কথা বললেও জলপাইগুড়ি স্বর্ণ কারিগর গণেশ পাল বলেন, ‘মানুষ স্বর্ণ ব্যবসায়ীদের থেকে গয়না না তৈরি করিয়ে বড় বড় কোম্পানির গয়নার দিকে ঝুঁকছেন। তাদের লোভনীয় অফার অথবা নামী শিল্পীদের দিয়ে বিজ্ঞাপন আমাদের মতো পুরোনো কারিগর ও ব্যবসায়ীদের থেকে দূরে নিয়ে গিয়েছে। আর সেইসব কোম্পানি মুম্বই কিংবা কলকাতায় গয়না তৈরি করায় আমাদের এখানকার শিল্পীরা কাজ পাচ্ছেন না। আগে বিয়ের মরশুমে চা বাগান থেকেও মানুষ আসতেন সোনা কিনতে। এখন তাঁরাও বড় ব্র্যান্ডের কাছে ইএমআইতে গয়না কিনছেন। যা করা আমাদের মতো ছোট কারিগর ব্যবসায়ীদের পক্ষে সম্ভব নয়।’

সবদিক বিচার করেই সরকারি কর্মী নিলয় চৌধুরী ভাস্তির বিয়ে উপলক্ষ্যে তাঁকে টাকা দিয়েছেন। নিলয়ের কথায়, ‘সোনার যা দাম তাতে ভাস্তিকে কান-গলার একটা সেট দেওয়ার ইচ্ছে থাকলেও দেওয়া সম্ভব হচ্ছে না। তাই ওর হাতে নিজের সাধ্যমতো টাকা তুলে দিলাম। কারণ ওই টাকায় পোক্ত সোনার গয়না হবে না। ওর নিজের ইচ্ছেমতো কিছু কিনে নেবে ওটাই ভালো।’






- জলপাইগুড়িতে ১০ গ্রাম সোনার দাম ঘোরাফেরা করছে ১ লক্ষ ৪১ হাজার টাকার আশপাশে
- দামের বিষয়টি মাথায় রেখে অনেকেই পেপার গোল্ড কিংবা হালকা সোনার দিকে ঝুঁকছেন
- প্রায় দু’-আড়াই হাজার কারিগরের মধ্যে প্রায় ২০ শতাংশ কারিগর কাজ ছেড়ে টোটো, কৃষিকাজ, সবজি বিক্রি কিংবা অন্য কাজ করছেন









# চুরি ও কেপমারি

**ময়নাগুড়ি ও জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** একের পর এক চুরির ঘটনা ঘটেই চলেছে ময়নাগুড়ি শহরে। অথচ এখনও কোনও চুরিরই কিনারা করতে পারেনি পুলিশ। এরই মধ্যে সোমবার গভীর রাতে একটি গ্যারাজে চুরির ঘটনা ঘটল। অন্যদিকে, মঙ্গলবার দিনেদুপুরে পুলিশের পরিচয়ে কেপমারির ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে জলপাইগুড়িতে।

ময়নাগুড়ির ৪ নম্বর ওয়ার্ডে পাওয়ার হাউস সংলগ্ন এলাকায় গ্যারাজ রয়েছে সমীর মৃধার। সোমবার রাত ন’টা পর্যন্ত গ্যারাজে কাজ করেছেন। মঙ্গলবার সকালে গ্যারাজ খুলতে এসে দেখেন সেখানে থাকা দুটো পিকআপ ভ্যানের দুটো করে মোট চারটে টায়ার খুলে নিয়ে গিয়েছে দুষ্কৃতীরা। পাশাপাশি ওই দুটো পিকআপ ভ্যানের ট্যাংকিতে থাকা ডিজেলও নেই বলে অভিযোগ। খবর পেয়ে ময়নাগুড়ি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে। আশপাশের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে দুষ্কৃতীদের খোঁজ চালানো হচ্ছে। সোমবার রাতের গোটা ঘটনা খতিয়ে দেখা হচ্ছে বলে আইসি সুবল ঘোষ জানিয়েছেন।

অন্যদিকে, এদিন পুরবেলা দিনবাজারে কেপমারির খপ্পরে পড়ে দিগবিদিক শূন্য হয়ে পড়েন মহামায়াপাড়ার কৃষ্ণা গোস্বামী। কৃষ্ণার জানালেন, যখন তিনি হেঁটে যাচ্ছিলেন তখন রাস্তার অপরপ্রান্ত থেকে হঠাৎ একজন তাঁকে ডাকেন। কাছে যেতে এমন কিছু নাম বলতে থাকেন যাঁদের কাউকে তিনি চেনেন না। এরপর নিজেদের পুলিশ পরিচয় দেয়। এলাকায় নাকি ছিনতাই হয়েছে তাই গলার সোনার গয়না খুলতে বলেন। কৃষ্ণা বলেন, ‘আমি জানাই সোনার কিছু নেই। হাতের দিকে নজর যেতে বলে হাতের চুড়ি দুটি তো সোনার। খুলে ব্যাগে রাখুন। এই বলে ওরাই একটা কাগজ দিল। সেখানেই রেখে ব্যাগে ভরে চেন আটকালাম। এরপর আমার গাড়ির চালক আসতে ওকে সব খুলে বলতেই, সে ব্যাগ খুলে দেখতে বলে। তখন দেখি আমার সোনার দুটি চুরির বদলে ইমিটেশনের দুটি চুরি।’ কেন ওই দুষ্কৃতীদের তিনি চুড়ি খুলে দিলেন তা বুঝতে পারছেন না। ঘটনার খবর জানাজানি হতেই শহরজুড়ে আতঙ্ক ছড়িয়েছে। জেলা পুলিশ সুপার অমরনাথ কে বলেন, ‘অভিযোগের ভিত্তিতে ইতিমধ্যেই তদন্ত শুরু হয়েছে।’




*গাড়ির টায়ার খুলে নিয়ে গিয়েছে দুষ্কৃতীরা। ময়নাগুড়িতে।*

## পাড়ায় পাড়ায়

### বিকল ফোয়ারা মেরামতের দাবি

**মালবাজার**

**মালবাজার, ২৮ এপ্রিল :** বিকল অবস্থায় পড়ে রয়েছে সুভাষ মোড়ের ফোয়ারা। একসময় সন্ধের পর সেই ফোয়ারায় আলোর ঝলকানি দেখা যেত। তা দেখতে অনেকে আসতেন। এই ফোয়ারাটি মেরামত করে চালু করার দাবি জানিয়েছেন এলাকার ব্যবসায়ীরা।



২০১৪-’১৫ সাল নাগাদ কয়েক লক্ষ টাকা খরচ করে সুভাষ মোড়ে বর্তমান দুর্গা মন্দিরের সামনে এই ফোয়ারাটি তৈরি করা হয়েছিল। সেসময় শহরবাসীর কাছে এই ফোয়ারাটি যথেষ্ট আকর্ষণীয় ছিল। তবে ধীরে ধীরে ফোয়ারাটি অচল হয়ে যায়। ফোয়ারার ধাতব উপাদানগুলি প্রায় সব চুরি হয়ে গিয়েছে। মাঝেমধ্যে সেখানে আবর্জনা জমে থাকতেও দেখা যায়।

স্থানীয়দের মতে, ফোয়ারাটি মেরামত করা হলে মন্দিরের শোভা বৃদ্ধি পাবে। বিষয়টি নিয়ে পুরসভায় আলোচনা করার প্রতিশ্রুতি দিয়েছেন মাল পুরসভার ভাইস চেয়ারম্যান মিলন ছেত্রী।

*তথ্য : অভিষেক ঘোষ*

### দৃশ্য দূষণ রুখতে উদ্যোগী

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** শহরের সৌন্দর্য বজায় রাখতে ও দৃশ্য দূষণ রোধে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মী-সমর্থকরা উদ্যোগী হয়েছেন। প্রতিটি দল দেওয়াল লিখন মোছা ও দলীয় ব্যানার-পোস্টার সরানোর কাজে নেমেছে। শাসকদলের তরফে তৃণমূল কংগ্রেস প্রার্থী কৃষ্ণ দাসের সমর্থনে দেওয়াল লিখন যেমন মুছে ফেলা হচ্ছে, তেমনই সিপিএম প্রার্থী দেবরাজ বর্মন ও কংগ্রেস প্রার্থী সুদীপ্ত মোহন্তের প্রচারে পোস্টার, ব্যানার সরানোর কাজ শুরু হয়েছে। রাজনৈতিক ভিন্নতা ভুলে এই উদ্যোগে যেন এক সৌজন্যের ছবি ফুটে উঠছে। শহরের প্রতিটি অলিগলিজুড়ে ছড়িয়ে থাকা বিভিন্ন দলের ব্যানার, ফ্ল্যাগ ও পোস্টার সরানোর কাজ চলছে।

তৃণমূল নেতা শুভঙ্কর মিশ্র বলেন, ‘দৃশ্য দূষণ রোধ করতে বিভিন্ন এলাকায় প্রচারের ব্যানার ও পোস্টার সরানো হচ্ছে।’ বিজেপি নেতারা জানিয়েছেন, প্রচারের জন্য ব্যবহৃত বাড়ির দেওয়ালগুলি পরিষ্কার করে আগের অবস্থায় ফিরিয়ে দেওয়া হচ্ছে। সিপিএমের তরফেও একই উদ্যোগ নেওয়া হয়েছে।

### নির্মাণকাজ বন্ধের দাবি

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** নিয়মবহির্ভূতভাবে নির্মাণকাজের অভিযোগ এনে পুরসভাকে লিখিতভাবে জানালেন ২৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার অম্লান মুন্সি। তিনি পুরসভার কাছে আবেদন করেছেন, কর্তৃপক্ষ যাতে বিষয়টি খতিয়ে দেখে দ্রুত কাজ বন্ধের নির্দেশ দেয়। পুরসভার অফিসে সেই চিঠি মঙ্গলবার দিয়ে এসেছেন অম্লান। তাঁর অভিযোগ, ‘আমি জানতে পেরেছি যে, যেখানে নির্মাণকাজ হচ্ছে সেই জমির নথি সংক্রান্ত সমস্যা রয়েছে। এছাড়াও নির্মাণকাজটি যেভাবে হচ্ছে তাতে পুরসভার নিয়ম মানা হচ্ছে না বলে স্থানীয়দের তরফে অভিযোগ করা হয়েছে। যে কারণে বিষয়টি পুর কর্তৃপক্ষের নজরে এনেছি।’

### দেহ উদ্ধার

**ধূপগুড়ি, ২৮ এপ্রিল :** ধূপগুড়ি রেলস্টেশনের অদূরে ১৬ নম্বর ওয়ার্ডের বর্মনপাড়ায় রেললাইনের ধারে মঙ্গলবার সকালে রমণী রায় (৬৫) নামে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল। মৃত ব্যক্তি স্টেশন সংলগ্ন বারোঘরিয়া পঞ্চায়েতের প্রধানপাড়ার বাসিন্দা। এদিন সকালে স্থানীয় বাসিন্দারা রেললাইনের পাশে দেহ দেখে জিআরপি এবং রেল রক্ষীবাহিনীকে খবর দেয়। তারা দেহ উদ্ধার করে জেলা পুলিশ মর্গে ময়নাতদন্তে পাঠায়। ঘটনাস্থলে হাজির মৃতের ছেলে চিরঞ্জিত রায় বলেন, ‘ট্রেনের ধাক্কা খেলে বাবার শরীরে আঘাত দেখা যেত। কিন্তু শুধুমাত্র গলায় গভীর ক্ষতচিহ্ন বলে দিচ্ছে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে। থানায় অভিযোগ দায়ের করব।’ অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত করছে ধূপগুড়ি থানা।

### মেরামত

**ময়নাগুড়ি, ২৮ এপ্রিল :** গ্রিন সিটি মিশনের বিকল পথবাতি মেরামত করে দিয়েছে ময়নাগুড়ি পুরসভা। সোমবার সন্ধের পর থেকেই সর্বত্র আলো জ্বলছে। শহরের দুর্গাবাড়ি মোড় থেকে ময়নাগুড়ি ভোটপট্টি সার্ক রোড ধরে এগোলেই বেশ কিছুটা রাস্তায় পথবাতি বিকল হয়ে গিয়েছিল। আবার শহরের জাগৃতি মোড় থেকে নিউ ময়নাগুড়ি রেলওয়ে স্টেশন রোডে আনন্দনগর ইউথ ক্লাব থেকে বেশ কিছুটা রাস্তায় আলো জ্বলছিল না দীর্ঘদিন ধরে। পুরসভার হস্তক্ষেপে কয়েকদিন ধরেই মেরামতির কাজ শুরু করা হয়েছে। সোমবার কাজ শেষ হয়।

# পুরভোটের আঁচ ধূপগুড়ির বিধানে



*পুরসভার উদাসীনতায় এভাবেই রাস্তায় জমে থাকে বৃষ্টির জল।*

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৮ এপ্রিল:** মাঝে পেরিয়ে গিয়েছে বেশ কয়েকটি নির্বাচন। কিন্তু ২০১৭ সালের পর আর পুরভোট দেওয়া হয়ে ওঠেনি ধূপগুড়ির মানুষের। ২০২২ সালে পুর বোর্ডের মেয়াদ ফুরানোর পর পুরসভা পরিচালনার দায়িত্ব দেওয়া হয় মনোনীত চার সদস্যের পুর প্রশাসক বোর্ডকে। গত বছরের নভেম্বর মাসে মহকুমা শাসককে পুর প্রশাসকের দায়িত্ব দেওয়া হয়। কাউন্সিলার এবং পুর বোর্ড না থাকায় সামান্য পরিষেবাটুকু পেতে মানুষকে চরম ভোগান্তি পোহাতে হয়। এর সঙ্গে আছে দীর্ঘদিন ধরে পুরভোট দিতে না পারার যন্ত্রণা। সামান্য পরিষেবা পেতে চরম ভোগান্তি আর পুরভোট দিতে না পারার ক্ষোভ ২০২৬-এর বিধানসভা নির্বাচনের ইভিএমে আছড়ে পড়ে থাকতে পারে বলে মত রাজনৈতিক মহলের।

ক্ষোভের সুরে শহরের বাসিন্দা পবিত্র চৌধুরী বলেন, ‘ধূপগুড়ি শহর এবং এখানকার মানুষকে নিয়ে ছেলেখেলা করা হয়েছে। সেই অভিমান এই শহরের প্রতিটি মানুষের মনে গেঁথে গিয়েছে। প্রতিটি ওয়ার্ডে পুর প্রতিনিধি না থাকায় কিছু ছিঁচকে নেতা গজিয়ে উঠেছে। যারা সব বিষয়ে মাতব্বরি করে বেড়াচ্ছে।’

দীর্ঘদিন ধরে পুরভোট না হওয়া যে বিধানসভা নির্বাচনে চরম নেতিবাচক প্রভাব ফেলতে পারে সেটা তৃণমূল নেতৃত্বও আন্দাজ করতে পেরেছিল। যে কারণে অভিষেক বন্দ্যোপাধ্যায় ধূপগুড়িতে জনসভায় বিধানসভা নির্বাচন মেটার ছ’মাসের মধ্যে পুরভোট করার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

সেই প্রতিশ্রুতি মানুষের ক্ষোভ নিরসন করতে সমর্থ হয়েছে কি না তা নিয়ে ঘাসফুলের অন্দরেই সন্দেহ রয়েছে।

বিজেপি নেতা তথা শহরের ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা চন্দন দত্ত বলেন, ‘নির্বাচনের ফল ঘোষণার পর পুরভোট করা সহ ধূপগুড়ির বাসিন্দাদের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করাই বিজেপির সরকারের প্রাথমিক লক্ষ্য হবে।’

তৃণমূলের জেলা কমিটির সাধারণ সম্পাদক রাজেশকুমার সিং বলেন, ‘মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে নতুন সরকার শপথ নিলে পুজোর আগেই ধূপগুড়ির পুরভোট হবে বলে আমাদের বিশ্বাস।’

গত বৃহস্পতিবার বিধানসভা ভোটের দিনেও পুরভোটের কথা শোনা গিয়েছে ভোটারদের মুখে। পুরভোট না হওয়া নিয়ে মানুষের ক্ষোভের আঁচ স্পষ্ট টের পাওয়া যাচ্ছিল ভোটারদের কথাবার্তায়।

এই প্রসঙ্গে শহরের ১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা অর্ণব দত্ত বলেন, ‘এসডিও’র মতো একজন ব্যস্ত আধিকারিকের হাতে পুরসভার দায়িত্ব থাকার ফলে দিনের পর দিন আমাদের অফিসে গিয়ে ঘুরে আসতে হয়। এলাকায় কোনও সমস্যা হলেও এসডিও-কে জানানোর সুযোগ নেই। উনি ফোনই ধরেন না। অফিসেও নিয়মিত থাকেন না। একটা সার্টিফিকেট পেতে পাঁচদিন ঘুরতে হয়েছে। পরে স্থানীয় এক নেতাকে ধরে পুরসভা থেকে সার্টিফিকেট পেয়েছি। বিধানসভা ভোট দেওয়ার সময় এই সমস্ত ঘটনা মাথায় ছিল।’

মানুষের ক্ষোভ ইভিএমে আছড়ে পড়েছে কি না সেটা ৪ মে জানা যাবে। কিন্তু পুরভোটের তারিখ কবে জানা যাবে, ধূপগুড়ির সমস্ত বাসিন্দার এখন এটাই প্রশ্ন।



